SUKHABODHA,

THE PRINCIPLES OF BENGALEE GRAMMAR,

PART II.

BY

BHUGGOBAN CHUNDRA BISARADA,

PUNDIT OF THE HOOGHLY COLLEGE,

সুখবোধ।

বঙ্গ সাধুভাষার ব্যাকরণ

দ্বিতীয়ভাগ।

বালকগণের শিক্ষার্থে হুগলি কালেজের পণ্ডিত

শ্রীভগবচ্চন্দ্র বিশারদ প্রণীত।

দ্বিতীয়বার।

কলিকাতা।

জি, পি, রায় এণ্ড কোম্পানি কর্ত্তৃক মুদ্রিত। কসাইটোলা

এমামবাড়ী লেন, নং ৬৭।

১২৬৬

বিজ্ঞাপন।

প্রথমবোধ ব্যাকরণের এই দ্বিতীয়খণ্ড দ্বিতীয়বার প্রচারিত হইল। এবার ইহাতে অনেক পরিবর্ত্তন ও সংশোধন করা হইয়াছে। ইহার উত্তরোত্তর প্রকরণ সকল সহজে বোধ হইবার জন্য সন্ধি প্রকরণ সকলের প্রথমে দিলাম। অন্যান্য প্রকরণও তদর্থে পরিবর্ত্ত করিতে হইল

সন্ধি না জানিলে শব্দসাধন অনেক কিছু কঠিন-বোধ হয়—তাহা জানিলেও তাহার বাহুল্যে সকলের সুন্দর বুৎপত্তি হয় না। এই বাঙ্গালা ভাষা সংস্কৃতানুযায়িনী সংস্কৃতভাষার ব্যাকরণ অত্যন্তই কঠিন তদনুযায়ি ভাষা-ব্যাকরণও সুতরাং বালকদিগের পক্ষে দুর্ব্বোধ হইতেই পারে। বিশেষতঃ সংস্কৃত ধাতুজ্ঞান ব্যতিরেকে কৃদন্ত পরিচয় হয় না—ধাতু প্রভৃতি সংস্কৃত ব্যাকরণের তাৎপর্য্য সকলও বড় সহজ নহে।

অতএব ইহার প্রতি অভিনিবেশ সহকারে দৃষ্টি নিক্ষেপ করিলে পূর্ব্বাপেক্ষা সহজ করিবার জন্য এবার যত যত্ন করিয়াছি পাঠকগণ তাহার বিশেষ পরিচয় পাইতে পারিবেন। তাহা হইলেই আমার পরিশ্রম সফল হইবে এবং তাঁহারাও যে অল্পায়াসে অধিক ফললাভ করিবেন তাহার সন্দেহ নাই। এই খণ্ড অতিবিস্তৃত না করিয়া কেবল কৃৎ এবং তদ্ধিত প্রকরণেই সম্পূর্ণ করা হইল।

স্ত্রীত্ব প্রভৃতি অপর প্রকরণ সকল ইহার তৃতীয়ভাগে পরিচিত হইবেক।

শ্রীভগবচ্চন্দ্র রায়।

সুখবোধ।

বঙ্গ সাধুভাষার ব্যাকরণ।

দ্বিতীয়ভাগ।

কৃৎ প্রকরণ।

শব্দের মূল ধাতু *। ধাতুর উত্তর যে প্রত্যয় করা যায় তাহার নাম কৃৎ †। কৃৎ প্রত্যয় করিলে ধাতু হইতে যে সকল পদ ‡ নিষ্পন্ন হয়, সেই পদ সকলকে শব্দ কহে।

---

* ধা (ধারণ বা বিধান)—তুন্ (যে করে) এই কর্তৃবাচ্যে নিষ্পন্ন "ধাতু"—যে নানাপদ ধারণ বা বিধান করে। যোগরূঢ়িতে—যাহা হইতে প্রত্যয় বিশেষের দ্বারা নানাপ্রকার শব্দ উৎপন্ন হয় তাহাকে ধাতু বলে। ভূ, চি, কৃ, ইত্যাদি।

† কৃ (করা)-ক্বিপ্ (০) (যাহা করা যায়) এই ব্যুৎপত্তিতে নিষ্পন্ন "কৃৎ"। ধাতুর উত্তর (যাহা) যে সকল বর্ণ যোগ বা প্রয়োগ করা যায় (সকল অংশ থাকুক বা না থাকুক) তাহার নাম কৃৎ প্রত্যয়। তব্য, অনীয়, ঘ্যণ ক্যপ্, ক্বিপ্ ইত্যাদি।

‡ পদ (স্থৈর্য্য)—অ(ল) (করা হয়) "পদ" যাহা

কিঞ্চিৎ ব্যুৎপত্তি জন্মিলে বালকদিগের প্রায়ই কোন্ শব্দ কোন্ ধাতু হইতে কি প্রকারে উৎপন্ন, তাহার বিশেষ অনুসন্ধানে প্রবৃত্তি হয়। এজন্যে অন্যান্য প্রকরণের অগ্রে এবার কৃৎ প্রকরণ এই ভাগের প্রথমেই বিস্তার করিয়া পরিচয় দিতে প্রবৃত্ত হইলাম, অন্যান্য প্রকরণও তন্নিমিত্তে পরিবর্ত্তিত হইবেক।

ধাতুর অন্তে কৃৎ প্রত্যয় করিলে কৃদন্ত কহে।

অথ ধাতু পরিচয়।

প্রথমতঃ ধাতু দশ প্রকার।

১ ভ্বাদি—(ভূ—আদি)। ২ অদাদি। ৩ হ্বাদি—(হু—আদি)। ৪ দিবাদি। ৫ স্বাদি—(সু—আদি)

প্রত্যয় দ্বারা সিদ্ধীকৃত (সাধিত বা নিষ্পন্ন) হয় তাহাকে পদ কহে, পাতব্য, দাতব্য ইত্যাদি।

এইরূপে প্রকৃতি প্রত্যয় ধরিয়া (যৌগিক, রূঢ়, কি যোগরূঢ়) প্রত্যেক প্রকার শব্দের অর্থ নির্ণয় করিলে অর্থ পরিচয়ে কোন সন্দেহ থাকে না, এই অভিপ্রায়ে ব্যাস ব্যুৎপত্তি করিয়া অর্থাৎ শব্দকে অংশাংশ করিয়া অর্থ পরিচয় দিবার ধারা দর্শিত হইল। কিন্তু তাবৎপদের অর্থ এরূপে প্রকাশ করিতে হইলে গ্রন্থ এত বাহুল্য হয় যে তাহা সম্পন্ন করা অসম্ভব। তবে প্রয়োজন বিশেষে মধ্যে২ কোন২ শব্দের এরূপ অর্থও থাকিবেক।

৬ তুদাদি। ৭ রুধাদি। ৮ তনাদি। ৯ ক্র্যাদি—(ক্রী—আদি)। ১০ চুরাদি। এই দশ।

ইহারাই আবার ৪ চারি প্রকার হয়।

ণিচ্ করিলে, (১) ণ্যন্ত। সন্ করিলে, (২) সনন্ত। যঙ্ করিলে, (৩) যঙন্ত। এবং যঙের লুক্ করিলে এক প্রকার (৪) যঙলুগন্ত ধাতু হয়। এইচারি। অপর এক প্রকার ধাতু আছে, তাহার নাম "নাম ধাতু"। অগ্রে নাম (শব্দ) থাকে, পরে তাহাকে বিশেষ২ প্রত্যয় দ্বারা ধাতু করা যায়, তাহাতেই "নাম ধাতু" কহে।

এই রূপে পঞ্চদশ প্রকার ধাতু নির্দ্দিষ্ট হইল।* ইহাদের প্রত্যেকের বিশেষ বিবরণ পশ্চাৎ কথিত হইবেক, এইক্ষণে প্রত্যয় বিশেষের পরিচয় দেওয়া যাইতেছে।

ভবিষ্যতের কৃৎ প্রত্যয়।

ভবিষ্যৎ কালের অর্থে এবং যোগ্যার্থে, কর্ম্মবাচ্য এবং ভাববাচ্যের কৃৎ প্রত্যয়—তব্য, অনীয়, য, ঘ্যণ্, ক্যপ্ এই পাঁচ।†

---

* ধাতু সকল এত প্রকার ভিন্ন ভিন্ন করিবার প্রয়োজন পরে প্রকাশিত হইবেক।

† ইহারা পদ বিশেষে অন্য কারক বাচ্যেও হয়। যেমন

২। প্রায় সকল প্রত্যয় পরে, ধাতুর অন্ত্য (ই ঈ উ ঊ ঋ ৠ) স্বরের গুণ হয় এবং উপান্ত (ই উ ঋ ৯) শুদ্ধ হ্রস্ব স্বরের গুণ হয়। কেবল কইৎ, ঙইৎ, শইৎ, প্রত্যয় পরে হইবে না, এজন্যে ইহাদিগকে অগুণ কহে।

চি—তব্য, চেতব্য। নী, নেতব্য। শ্রু, শ্রোতব্য। কৃ, কর্ত্তব্য ইত্যাদি।

লিপ—অনীয়, লেপনীয়। লুপ, লোপনীয়। দৃশ, দর্শনীয়। কৢপ, কল্পনীয় ইত্যাদি।

৩। কৃৎপরে ঞির ইকারের লোপ হয়। কেবল ইম্, ইষ্ণু, অন্ত, ইত্নু, এবং তালব্য শইৎ প্রত্যয় পরে হয় না।

ঞ স্থানে ক, গ—ণিৎকার্য্য, বৃদ্ধি হয়। কাপের কইৎ কার্য্য অগুণ এবং পইৎ কার্য্য হ্রস্বের পর তু হয়। কোনং বর্ণ ইতের কোন ফল নাই, প্রসিদ্ধ নাম বলিয়া গৃহীত হইয়াছে। যথা। ই (ম্) ই। তু (ন্) তু। তৃ (ন্) তৃ। ইত্যাদি। তবে ন, ম, গিয়া গুণ হয় মাত্র।

তিন য করিবার প্রয়োজন—য পরে গুণ। ঘ্যণের য পরে বৃদ্ধি এবং ক, গ। কাপের য পরে গুণ বৃদ্ধি হয় না, কেবল হ্রস্বের পর ত্ হয়। এই বিশেষ। এইরূপ অন্যান্য একরূপ প্রত্যয় সকলের প্রয়োজন এবং পরস্পর প্রভেদ অনুভূত হইবেক।

পালি—অনীয়, পালনীয়। প্রতিপালি—য, প্রতিপাল্য। কথি—অনীয়, কথনীয় ইত্যাদি।

ইম্।

৪। প্রত্যয়ের ত এবং স পরে—(১) ধাতুর উত্তর ই (ম) হয়। ক্ত এবং ক্তি পরে হয় না।

চেষ্ট—তব্য—চেষ্টিতব্য। বেষ্ট—তব্য—বেষ্টিতব্য, ইত্যাদি। ইহারা কর্ম্মবাচ্য।

বাচ্য।

যাহা বলা যায় কি কথিত হয় সেই বাচ্য হয়। যখন যে কারক বিশেষ করিয়া কথিত হইবে, তখন সেই কারক বাচ্য হইবেক। যেমন কর্ত্তা কারক বাচ্য হইলে কর্ত্তৃবাচ্য এবং কর্ম্ম কারক বিশেষ রূপে কথিত হইলে কর্ম্মবাচ্য হয়, সেই রূপ করণ প্রভৃতি অন্যান্য কারকও বাচ্য হইবেক। অতএব যখন যে কারক বাচ্য হইবে, সেই বাচ্যের কৃৎ প্রত্যয়ান্ত পদ তখন সেই কারকপদের বিশেষণ অথবা তৎস্বরূপ হইবেক।

কর্ত্তৃবাচ্য।

যিনি গান করেন, এই বাক্যে (যিনি) এই কর্ত্তৃপদ বাচ্য হওয়াতে কর্ত্তৃবাচ্যে গৈ ধাতু ণক করিয়া "গায়ক" এই কৃদন্তপদ, কর্ত্তৃবাচ্য বলিয়া কর্ত্তৃকারকের বিশেষণ হয়। অতএব যে ব্যক্তি যখন গান করিবে, "গায়ক" এই পদ তখন তাহারই বিশেষণ হইবেক। যেমন গায়ক যুবক, গায়িকা গণিকা ইত্যাদি।

—(২) চুরাদি এবং ণ্যন্ত সনন্তাদি ধাতুর পর (ইট্) নিত্য হয়।

চুরি—তব্য—চোরয়িতব্য। পালি—তব্য—পালয়িতব্য। জিজ্ঞাস—তব্য—জিজ্ঞাসিতব্য। পিপাস—তব্য—পিপাসিতব্য।

শব্দায়—তব্য—শব্দায়িতব্য ইত্যাদি।

কর্ম্ম বাচ্য।

যাহা পান করা যায়, এই বাক্যে "যাহা" এই কর্ম্ম শব্দ বাচ্য হওয়াতে কর্ম্মবাচ্যে পা ধাতু তব্য, অনীয়, কিম্বা য করিয়া "পাতব্য," "পানীয়," কি "পেয়," ইহার কোন শব্দ কর্ম্ম বাচ্য বলিয়া কর্ম্ম কারকের বিশেষণ হয়। অতএব যে বস্তু যখন পান করা যাইবে, পাতব্যাদি পদ তখন তাহারি বিশেষণ হইবে। যথা। পাতব্য দুগ্ধ। পানীয় জল। পেয় গঙ্গোদক ইত্যাদি।

করণ বাচ্য।

যদ্দ্বারা পান করা যায়, এই বাক্যে "যদ্দ্বারা" এই করণ পদ বাচ্য হওয়াতে করণ বাচ্যে পা ধাতু ত্র করিয়া (পাত্র) এই পদ করণ বাচ্য বলিয়া করণ কারকের স্বরূপ হয়। অতএব যখন যে বস্তু দ্বারা পান করা যাইবে, "পাত্র" এই পদ তখন তাহারি স্বরূপ হইয়া তাহাকে বুঝাইবেক। গেলাস, ঘটী প্রভৃতি সকলি পাত্র। ভোজন পাত্র, পানপাত্র— ইত্যাদি স্থলে পা ধাত্বর্থ পান ভোজনাদি বুঝাইবেক। করণ বাচ্যের পদ প্রায়ই সংজ্ঞা হয়।

সম্প্রদান বাচ্য।

যাঁহাকে বা যাঁহার প্রতি দান করা যায়, এই বাক্যে "যাঁ-

ইম্‌নিষেধ।

৫। একটি মাত্র স্বর—(১) এমত দা, পা, মা ইত্যাদি তাবৎ আকারান্ত ধাতুর উত্তর ইম্ হয় না।

দা—তব্য, দাতব্য। পা, পাতব্য ইত্যাদি।

—(২) ই, চি, জি, আদি সমস্ত হ্রস্ব ইকারান্ত ধাতু এবং নী, পী, ভী, ইত্যাদি যাবৎ দীর্ঘ ঈকারান্ত ধাতুর উত্তর ইম্ হয় না।

চি—তব্য, চেতব্য। জি, জেতব্য ইত্যাদি।

নী—তব্য, নেতব্য। ভী, ভেতব্য ইত্যাদি।

—(৩) শ্রু, স্রু, হু, দ্রু, ইত্যাদি সকল হ্রস্ব উকারান্ত ধাতু এবং কৃ, ধৃ, পৃ, ভৃ, প্রভৃতি সমুদায় হ্রস্ব ঋকারান্ত ধাতুর পরও ইম্ হয় না।

হ্যকে” এই সম্প্রদান পদ উক্ত হওয়াতে সম্প্রদান বাচ্যে দা ধাতু অনীয় করিয়া (দানীয়) এই পদ সম্প্রদান বাচ্য বলিয়া সম্প্রদান কারকের বিশেষণ হয়। অতএব যাঁহার প্রতি যখন কিছু দান করা যাইবে, দানীয়, এইপদ তখন তাঁহারি বিশেষণ হইবেক। যথা। দানীয় বিষ্ণু, শিব, ব্রাহ্মণ, গুরু ইত্যাদি। অত্র সম্প্রদান বাচ্যে অনীয় হওয়াতে তব্যাদি প্রত্যয় কেবল কর্ম্ম বাচ্যে না হইয়া অন্য কারক বাচ্যেও হয় তাহা সপ্রমাণ হইল।

অপাদান বাচ্য।

যাহা হইতে উৎপন্ন হয়, এই অর্থে “যাহা হইতে” এই

শ্রু—তব্য, শ্রোতব্য। হু—তব্য, হোতব্য ইত্যাদি।
কৃ—তব্য, কর্ত্তব্য। ভৃ—তব্য, ভর্ত্তব্য ইত্যাদি।

শক আদি কতিপয় ধাতুর উত্তর ইম্ হয় না বলিয়া তাহাদিগকে অনিম্ ধাতু বলে। তাহার সংখ্যা শেষে লিখিত হইবেক।

শক—তব্য, শক্তব্য। মন, মন্তব্য। হন, হন্তব্য, ইত্যাদি।

ইমের বিশেষ বিধি।

৬। (১) উক্ত কয় প্রকার ধাতু ভিন্ন আর সকল ধাতুর উত্তর ইম্ হইবেক।

ঈক্ষ(ই)—তব্য, ঈক্ষিতব্য। নিন্দ, নিন্দিতব্য, ইত্যাদি।

অপাদান পদ উক্ত হওয়াতে অপাদান বাচ্যে প্র—পূর্ব্ব—ভূ ধাতু অ(ল) করিয়া (প্রভব) এই শব্দ অপাদান বাচ্য বলিয়া অপাদান কারকের বিশেষণ হইল। অতএব যাহা হইতে উৎপত্তি হইবে, তাহাকে প্রভব কহে। "প্রভব" এই পদ তাহারি বিশেষণ হইবেক। যেমন সৃষ্টির প্রভব শিব। গঙ্গার প্রভব হিমালয়। এবং যাহা হইতে ভয় হয় তাহাকে ভীম বা ভয়ানক শব্দে কহে। অত্র ভী ধাতু অপাদান বাচ্যে ম(ক্) করিয়া ভীম, এবং আনক করিয়া ভয়ানক, পদ সিদ্ধ হয় ইত্যাদি।

অধিকরণ বাচ্য।

যাহাতে বা যেখানে স্থিতি করা যায়, এই বাক্যে "যাহাতে" এই অধিকরণ পদবাচ্য হওয়াতে অধিকরণ বাচ্যে স্থা ধাতু অন(ট) করিয়া (স্থান) এই পদ অধিকরণ বাচ্য

(২) একস্বর হইলেও (শ্রি, শ্বি, ডী, শী, যু, রু, নু, স্নু, ক্ষু, ক্ষ্ণু, বৃ) এই কয় ধাতুর পর ইম হইবেক।

শ্রি(ই)—তব্য, শ্রয়িতব্য। শী, শয়িতব্য। যু, যবিতব্য ইত্যাদি।

(৩) একস্বর দীর্ঘ ঊকারান্ত ও দীর্ঘ ঋ-

বলিয়া অধিকরণ কারকের স্বরূপ হইল। অতএব যখন যাহাতে বা যেখানে স্থিতি করিবেক, তাহার নাম স্থান; (স্থান) এইপদ তখন তাহারি স্বরূপ হইবেক। যথা। স্থান (ভূমি), স্থান (আসন) ইত্যাদি।

ভাব বাচ্য।

ধাতুর অর্থের নাম ভাব। সেই ভাব মাত্র যখন বাচ্য হয় তখন তাহাকে ভাব বাচ্য কহে। ভাব বাচ্যের প্রত্যয় নিষ্পন্ন পদ কোন কারক পদের বাচক না হওয়াতে কাহারো বিশেষণ না হইয়া সংজ্ঞা মাত্র হইবেক। যথা। গম ধাত্বর্থ (গমন) ভাব বাচ্যের অর্থ (করা মাত্র) ইহাতে গমন করা, এই ভাব মাত্র অর্থ বাচ্য হওয়াতে ভাব বাচ্যে গম ধাতু তব্য করিয়া গন্তব্য, (অনট) গমন, (ক্তি) গতি। ইহারা ভাব বাচ্য বলিয়া সংজ্ঞাপদ হইল। ভাব বাচ্যের সকল পদই ক্রিয়া বাচক সংজ্ঞা হয়, বিশেষণ কখন হয় না। কারক বাচ্যের যত পদ সংজ্ঞা হয়, তাহারা দ্রব্যবাচক কি জাতি বাচক হইবে, অন্য বাচক কখন হইবে না এই বিশেষ।

সম্প্রদান কি অপাদান বাচ্যের পদ অধিক পাওয়া যায় না। সম্বন্ধ, কারকের মধ্যে গণ্য নহে, এজন্যে সম্বন্ধ বাচ্য নাই।

কারান্ত ধাতুর পরও ইম্ হইবেক। নিষেধ নাই।
ভূ(ই)—তব্য ভবিতব্য। ভূ, ভবিতব্য, ইত্যাদি।

৭।—(১) বস, সহ, স্তু, স্তভ, ভূ, শুচ, ভ, অশ, ইষ, রিষ, রুষ, এই কয় ধাতুর পর (ত) পরে ই(ম) বিকল্পে হয়।

বস—তব্য—বসিতব্য, বস্তব্য। স্তু—স্তবিতব্য, স্তোতব্য ইত্যাদি

—(২) সূ, ধূ, স্বৃ, সিধ, ত্রপ, গুপ, ক্লপ, দৃপ, অশ, বশ, অক্ষ, স্নিহ, মুহ, এবং রধাদি ধাতুর পর ত এবং স পরে বিকল্পে ইম্* হয়।

সূ—তব্য—সবিতব্য, সোতব্য। স্বৃ—স্বরিতব্য, স্বর্ত্তব্য ইত্যাদি।

৮। ইমের ইকার—(১) গ্রহ ধাতুর পর হইলে দীর্ঘ হয়।

গ্রহ—তব্য—গ্রহীতব্য, তৃ(ন) গ্রহীতা, (ত) গৃহীত ইত্যাদি।

---

* এতদ্ব্যতীত আর আর যে কোন ইমের নিষেধ বা বিধি আছে, তাহা এ সব লক্ষণের অতিরিক্ত। তাহাতে প্রত্যয় বিশেষে কোন কোন অনিম ধাতুর পরও ইম্ হয়। প্রসক্তি থাকিলেও কোনং ধাতুর উত্তর ইম্ হয় না। যথা। অনিম গম ধাতু স্যতৃ করিলে ইম্ হইয়া (গমিষ্যৎ) এবং ভূ ধাতু (ক্ত) করিয়া ইম্ নিষেধে (ভূত) হয় ইত্যাদি। [illegible] থেকে।

—(২) বৃ এবং দীর্ঘ ঋকারান্ত ধাতুর পর হইতে বিকল্পে দীর্ঘ হয়।

বৃ—তব্য, বরীতব্য, বরিতব্য। তৄ, তরীতব্য, তরিতব্য ইত্যাদি।

৯। বর্গীয় চতুর্থ বর্ণের পর ত হইলে ধ হয়।

বুধ—তব্য, বোদ্ধব্য। যুধ, যোদ্ধব্য ইত্যাদি।

১০। অনিম ত এবং স পরে ধাতুর—(১) চ জ স্থানে ক্ হয়।

বচ—তব্য, বক্তব্য। ত্যজ, ত্যক্তব্য। ভুজ, ভোক্তব্য ইত্যাদি।

—(২) শ এবং ছ স্থানে ষ হয়। (নশ—নষ প্রচ্ছ—প্রষ।)

নশ—তব্য, নষ্টব্য। প্রচ্ছ, প্রষ্টব্য ইত্যাদি।

—(৩) হ স্থানে ঢ হয়। কিন্তু আদিতে দ থাকিলে ঘ হয়। ঢ হয় না। দহ (দঘ) ইত্যাদি।

মিহ—তব্য, মেঢব্য। দহ—তব্য, দগ্ধব্য। ইত্যাদি (৯ সূ) (ঢ যোগে ধ স্থানে ঢ এবং ঢ পরে ঢ লোপ আর ধ পরে ঘ স্থানে গ হয়। ইহা হল সন্ধিতে আছে।)

এই রূপে যত প্রকার পদ সিদ্ধ হয় প্রত্যেক পদের অর্থ আছে। সেই অর্থের নাম পদার্থ। শব্দ সেই অর্থের বাচক হয় এবং অর্থ তাহার বাচ্য। যেমন গকারে ওকার যুক্ত (গো) এই পদ গল কম্বল শৃঙ্গ লাঙ্গুল বিশিষ্ট চতুষ্পদ পশু বিশেষ অর্থ বুঝায় তাহাতে সেই প্রকার চতুষ্পদ

—(৪) মুহ, দ্রুহ, স্নিহ, স্নুহ ধাতুর হ, ঢ এবং ঘ হয়।

মুহ—গ্ধা, মোঢ়া এবং মোক্তা ইত্যাদি।

—(৫) যজ, রাজ, ভ্রাজ, ব্রশ্চ, সৃজ, মৃজ, ভ্রস্জ ধাতুর জ স্থানে ষ হয় যথা—যজ ক্তব্য, যষ্টব্য।

১১। সহ, বহ ধাতুর হ, ঢ হইলে উপান্ত অকার ওকার হয়।

সহ—ক্তা, সোঢ়া। বহ, বোঢ়া ইত্যাদি।

গুই গো শব্দের বাচ্য (অর্থ) এবং গো শব্দ সেই অর্থের বাচক হয়।

অর্থ বিহীন শব্দকে পদ বলা যায় না। পণ্ডিতেরা তাহাকে অলীক (মিথ্যাপদ) কহেন। যথা। আকাশের কুসুম। বন্ধ্যার পুত্র ইত্যাদি। প্রথমে বোধ হয় ইহাদের কোন অর্থ থাকিবে, পশ্চাৎ বিবেচনা করিয়া দেখিলে বোধ হইবে, আকাশ শূন্য, শূন্যে ফুল হয় না। এবং সন্তান না হইলে বন্ধ্যা কহে সুতরাং বন্ধ্যার পুত্র সম্ভবে না। অতএব আকাশকুসুম, ও বন্ধ্যাপুত্র, এই দুই পদ অর্থ নাথাকাতে অলীক বলিয়া নির্দ্দিষ্ট হইল।

পদ মাত্রেরই অর্থ থাকাতে, পদ এবং অর্থ এই়য়ের পরস্পর এরূপ দৃঢ় সম্বন্ধ, যে উভয়ের কেহই ক্ষণমাত্র পৃথগ্‌ভাবে অবস্থিতি করিতে পারে না সুতরাং উচ্চারণ করিবা মাত্রই তাহার কোন না কোন অর্থ অবশ্য প্রতীত হইবেক। এইরূপ পরস্পর সম্বার্থ কর্ত্তৃ কর্ম্ম ক্রিয়াদি পদ সকল বাক্যরূপে কথিত হইলে যে একটি অর্থ প্রকাশ পায়, সেই

১২। যে সকল প্রত্যয় পরে গুণ হয় তাহাদিগকে গুণ প্রত্যয় কহে। গুণ প্রত্যয়ের ত, স, পরে সৃজ দৃশ ধাতুর ঋ স্থানে র হয়। কৃষাদির ঋস্থানে বিকল্পে (কৃষ মৃষ স্পৃশ তৃপ দৃপ সৃপ)।

১৩। ত, স পরে সংযোগের আদিতে স্ কিম্বা ক্ থাকিলে লুপ্ত হয়।

ভ্রস্জ—ভ্রষ্টা, ভ্রষ্টব্য। অঞ্জ, অঙ্‌ক্তা ইত্যাদি।

১৪। তৃতীয় চতুর্থ বর্ণ পরে ণ স্থানে দ হয়।

মস্জ—মজ্জনীয়, মজ্জনীয়। ভ্রস্জ, ভ্রজ্জনীয় ইত্যাদি।

অর্থ দ্বারা মনের এক প্রকার ভাব অভিব্যক্ত হইয়া থাকে। পরস্পরের নিকট মনের সেইং ভাব ব্যক্ত করিবার সময় বিশেষ২ অর্থের প্রয়োজনে ভিন্ন২ পদেরো আবশ্যক হয়। তদর্থে প্রাচীন বিচক্ষণ সাধুজনেরা সকলে যুক্তি করিয়া শৃঙ্খলা পূর্ব্বক ব্যবহারার্থে একং মূল প্রকৃতি (শব্দ বা ধাতু) ধরিয়া প্রত্যয় সহযোগে নানা প্রকার অর্থের নানা প্রকার পদ নির্ণয় করিয়া দিয়াছেন।

প্রত্যয় নিষ্পন্ন সেই পদ সকল তিন প্রকার হইয় অর্থের প্রকাশক হয়। যৌগিক, রূঢ়, যোগরূঢ়।

যৌগিক। যে সকল পদ প্রকৃতি এবং প্রত্যয় উভয়ের অর্থ যোগে যোগার্থবাহী হইয়া অর্থ প্রকাশ করে, তাহাদিগকে যৌগিক, বা যোগজ শব্দ বলা যায়। যেম পাঠক। পঠ (ধাত্বর্থ পাঠ)—ণক (যে করে)—উভয়ে যোগে "পাঠক" যে পাঠ করে, অতএব যে যখন পাঠ করি তখন তাহাকেই বুঝায় বলিয়া পাঠক প্রভৃতি যৌগিক শ

১৫। ণ্যণ প্রত্যয় পরে [illegible]
মৃজ—অনীয়—মার্জ্জনীয়। অন্যত্র মৃজ—তব্য—মৃষ্টব্য।

১৬। উপান্ত নকার অনুস্বার হয় এবং বর্গ যোগে বর্গান্ত হয়।

ভন্‌জ—তব্য—ভঙ্‌ক্তব্য। অনীয়—ভঞ্জনীয়। দন্‌শ—অনীয়—দংশনীয় ইত্যাদি।

১৭। হলন্ত, ঋবর্ণান্ত, আর অবশ্যাম্ অর্থে উবর্ণান্ত ধাতুর পর ঘ্যণ(য) হয়।

উহ—ঘ্যণ—উহ্য। গাহ—গাহ্য ইত্যাদি।

১৮। ণকারেৎ এবং একটৎ প্রত্যয় পরে ধাতুর

সর্ব্বদাই বিশেষণ, কখন সংজ্ঞা হইবে না। যথা—পাঠক বিপ্র। পাঠক আচার্য্য। এবং কথক, যে কথা কহে। পাচক, যে পাককরে। গায়ক, যে গান করে ইত্যাদি শব্দ সকল যৌগিক।

রূঢ়। যে সকল পদ প্রকৃতি, প্রত্যয় উভয়ের অর্থ পরিত্যাগ করিয়া অন্যার্থের বোধক হয়, তাহারা রূঢ় বলিয়া পরিচিত হইয়া থাকে। যথা—মণ্ডপ, মণ্ড শব্দার্থ, অন্নাদি নিঃসৃত ক্বাথ(মাড়), পা—ড—প, পান কর্ত্তা। উভয় যোগার্থ মণ্ডপান কর্ত্তা। কিন্তু মণ্ডপ বলিতে ঘর বুঝায়, ঘর মণ্ডখায়না। অতএব প্রকৃতি প্রত্যয় দুয়েরই অর্থ ত্যাগ করিয়া গৃহরূপ অর্থ বুঝাইয়া মণ্ডপ শব্দ রূঢ় হইল। এবং চক্ষুস্। চক্ষ (কথন) উস্(যে-দ্বারা) ইহাতে বক্তা না বুঝাইয়া লোচনরূপ অর্থে চক্ষুঃ রূঢ় হইল ইত্যাদি।

অন্ত্য ইচ্ এবং উপান্ত অকারের বৃদ্ধি হয়। আর উপান্ত লঘু স্বরের গুণ হয়।

বহ—ঘ্যণ—বাহ। কৃ—ঘ্যণ—কার্য্য। দুহ—দোহ্য ইত্যাদি।

১৯। কৃতের য পরে ধাতুর ওকার স্থানে অব এবং ঔকার স্থানে আব্ হয়।

ভূ—ঘ্যণ—ভাব্য অর্থাৎ অবশ্য ভবিতব্য।

২০। ঘইৎ কৃৎ পরে ধাতুর—চ স্থানে ক, এবং জ স্থানে গ হয়।

পচ—ঘ্যণ—পাক্য। রুজ—রুজ, আরোগ্য ইত্যাদি।

যোগরূঢ়—যে সকল পদ, একাংশে যৌগিক অপরাংশে রূঢ়। যাহারা প্রকৃতি প্রত্যয়ের অর্থ সহযোগে যে সকল অর্থ বুঝাইতে পারে তৎ সমুদায়কে না বুঝাইয়া কেবল কোন এক মাত্র বিশেষার্থ বোধ করায়, তাহারা যোগরূঢ় বলিয়া অভিহিত হয়। যথা—পঙ্কজ। পঙ্ক (কর্দ্দম) জন—ড—জ (যে জন্মে), সমুদায়ের অর্থ—পঙ্কে যে সকল বস্তু জন্মে, কিন্তু সে সকলকে না বুঝাইয়া কেবল একমাত্র "পদ্মকে" বুঝায় বলিয়া পঙ্কজ যোগরূঢ় হইল। তবে সে সকলকে বুঝাইলেই যৌগিক হইবেক। এবং আশুগ শীঘ্রগামি অর্থে যৌগিক। কেবল বাণকে বুঝাইলে যোগরূঢ় হয়। বিহগ—আকাশগামি অর্থে যৌগিক। যোগরূঢ়িতে পক্ষিকে বুঝায়। ইত্যাদি শব্দ, একমাত্র অর্থে যোগরূঢ় এবং যোগার্থগ্রাহী হইলে যৌগিক বলা যাইবেক।

এইরূপে যৌগিক ও যোগরূঢ় শব্দই অধিক। রূঢ়শব্দ

কৃত করিলে ইম্ হয় এমত ধাতুর হয়না। আর গত্যর্থে বন্চ ধাতুর হয় না।

অর্চ্চ—ঘ্যণ—অর্চ্চ্য। পূজ, পূজ্য ইত্যাদি।

কৃত করিলে ইহারা অর্চ্চিত, পূজিত হয়।

বন্চ (গতি)—ঘ্যণ, বঞ্চ্য। কুটিলার্থে, বঙ্ক্য।

ঘইতের মধ্যে কেবল ঘ্যণ পরে ত্যজ, যজ, ভোজনার্থ ভুজ, বাক্যভিন্নার্থ বচ, শক্যার্থ যুজ, আর অবশ্যম্ অর্থে কোন ধাতুরই হয় না।

ত্যজ—ঘ্যণ, ত্যাজ্য। যজ, যাজ্য। ভুজ, ভোজ্য (ভোজন যোগ্য)। বচ, বাচ্য (কথনীয়)। যুজ, যোজ্য (শক্য)। পচ, পাচ্য (অবশ্য পচনীয়)। এবং ভোগার্থে ভুজ, ভোগ্য। বাক্যার্থে বচ, বাক্য। নিয়োগার্থে যুজ, যোগ্য ইত্যাদি।

পাওয়া যায়। কারণ কোন না কোন অংশে যোগার্থ ঘটিলেই যোগরূঢ় হইয়া পড়ে। যথা গম্—ডো—গো (যে চলে), অতএব পশু বিশেষে যোগরূঢ় হইল। এবং পদ (গমন বা স্থৈর্য্য)—ম (করে) পদ্ম (যে জলে গত বা স্থায়ী) এই অর্থে যোগরূঢ় হইল ইত্যাদি।

নিপাতনে অর্থেরও অনেক বিশেষ হয়।

ঘ্যণন্ত নিপাতন।

পা (পান)—ঘ্যণ, পায্য (পরিমাণ)। ধা (ধারণ)—ধায্যা (অগ্নি জ্বলিবার মন্ত্র)। প্র—নী (প্রাপণ)—প্রণায্য (প্রিয়)। নি—চি (চয়ন)—নিকায্য (নিবাস)

২১।—(১) হলন্ত মধ্যে শক্, সহ্, শস এবং পবর্গান্ত ধাতুর পর য, হয়। ঘ্যণ হইবে না। *

শক—য—শক্য। সহ—সহ্য। শস—শস্য। এবং শপ—শপ্য। লভ—লভ্য। রম—রম্য। নম—নম্য ইত্যাদি।

—(২) গদ, মদ, যম, চর আদির পর য, হয় কিন্তু উপসর্গযুক্ত হইলে ঘ্যণ হয়। য হয় না।

গদ—য, গদ্য। মদ, মদ্য। চর, চর্য্য ইত্যাদি। উপসর্গ যোগে —নি—গদ—ঘ্যণ—নিগাদ্য। প্র—মদ—প্রমাদ্য আ—চর—আচার্য্য ইত্যাদি।

—(৩) ভজ, জপ, বজ আদির পর য এবং ঘ্যণ হয়।

ভজ—য—ভজ্য—ঘ্যণ—ভাজ্য। অদৃষ্টার্থে ভাগ্য হয় জপ—য—জপ্য, ঘ্যণ—জাপ্য ইত্যাদি।

—(৪) ঋবর্ণ ভিন্ন স্বরান্ত ধাতুর পরও য হয়।

চি—য, চেয়। নী—নেয়। স্রু—স্রব্য। ভূ—ভব্য।

রাজন (সোমরস)—সু (প্রসব)—রাজসূয় (সোমরস নিষ্পাদিত যজ্ঞ বিশেষ)। অমা (সহিত)—বস (বাস) অমাবস্য, অমাবাস্যা (তিথি বিশেষ যাহাতে চন্দ্র সূর্য্যের একত্র সহবাস) ইত্যাদি।

* পবর্গান্ত মধ্যে চম, বপ, রপ, লপ, ত্রপ, দভ, ধাতুর পর য হয় না, ঘ্যণ হয়। চম, চাম্য। বপ, বাপ্য। লপ, লাপ্য ইত্যাদি।

—(৫ এই য পরে ধাতুর আকার একার হয়।

দা—য, দেয়। পা, পেয় ইত্যাদি।

২২। ধাতুর এচ্ (এ, ও, ঐ) কৃৎ পরে আকার হয়। কেবল শইৎ কৃৎ পরে হয় না।

দে—দা, সো—সা, গৈ—গা, ধৈ—ধা, হয় ইত্যাদি। অতএব গৈ—য, গেয়। ধৈ, ধেয় ইত্যাদি।

২৩।—(১) দৃ, ভৃ, বৃ, স্তু, ই(ন্), শাস, জুষ এবং উপান্ত্যে ঋকার বিশিষ্ট দৃশ, মৃশ আদি ধাতুর পর ক্যপ্ (য) হয়।

জুষ—ক্যপ্—জুষ্য। দৃশ, দৃশ্য। নৃত, নৃত্য।

—(২) কৃ, বৃষ, মৃজ, গুহ, দুহ, শন্স, সংভৃ, প্রতি-লপি—গ্রহ, এই কয় ধাতুর পর ক্যপ্ এবং ঘ্যণ হয়।

বৃষ—ক্যপ্—বৃষ্য, ঘ্যণ—বর্ষ্য। দুহ—দুহ্য, দোহ্য ইত্যাদি।

যান্ত নিপাতন।

আ—চর (গমন)—র্য, আশ্চর্য (অদ্ভুত)। জি (জয়)—জয্য (জয়যোগ্য)। ক্ষি (ক্ষয়)—ক্ষয্য (ক্ষয়শক্য)। ক্রী—(ক্রয়)—ক্রয্য (বিক্রয়ার্থ হট্টে প্রসারিত দ্রব্য) ইত্যাদি। বহ (বহন)—য (যন্ত্রার্থ)—বহ্য (শকট)।

* শইৎ কৃৎ পরে। ধৈ—শতৃ (অৎ)—ধায়ৎ, গৈ, গায়ৎ ইত্যাদি।

—(৩) কৃপাদির পর হয় না। এবং কৃপ স্থানে ক্লৃপ হয়।

কৃপ্—য, কল্প্য। সৃজ—ঘ্যণ, সর্গ্য ইত্যাদি।

২৪। পইৎ কুৎ পরে হ্রস্বের পর ত্ হয়।

হৃ—ক্যপ, হৃত্য। ভৃ—ভৃত্য। স্তু—স্তুত্য ইত্যাদি।

২৫। অগুণ প্রত্যয় পরে—(১) হলন্ত ধাতুর উপান্ত নকারের লোপ হয়।

শন্স—ক্যপ্—শস্য। এবং ঘ্যণ—শংস্য ইত্যাদি।

—(২) শাস ধাতুর আকার স্থানে ইকার হয় এবং সেই ইকারের পর (স) ষত্ব হয়।

শাস—ক্যপ্—শিষ্য। *

২৬। (গ্রহ, জ্যা, বয়, বাধ, বশ, ব্যচ, প্রচ্ছ, ব্রশ্চ, ভ্রস্জ) এই গ্রহাদি ধাতুর অগুণ প্রত্যয় পরে এবং (স্বপ, যচ, যজ, বদ, বপ, বহ, বস, শ্বি,

---

ক্যপ্ করিয়া নিপাতন।

* সৃ (চলন)—ক্যপ (কর্ত্তৃ)—সূর্য্য (যিনি চলেন)। রুচ (রুচ)—রুচ্য (রুচিকর)। পুষ (পোষণ)—পুষ্য (কার্য্য পোষক নক্ষত্র বিশেষ)। ইহারা কর্ত্তৃবাচ্যে নিপাতন সিদ্ধ ইত্যাদি। নিপাতনে বাচ্যেরও বিশেষ হয় যেমন সূর্য্যাদি পদ কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন। তবে প্রসিদ্ধ প[দ] ভিন্ন ইচ্ছাক্রমে লক্ষণের অতিক্রম করা হইবেক, না, এই তাৎপর্য্য।

..., ব্যে, হ্বে) এই স্বপাদি ধাতুর কেবল কইৎ
: গুণ পরে জি হয় অর্থাৎ স্বরযুক্ত য স্থানে ই,
ব স্থানে উ, র স্থানে ঋ হয়।

প্রতি—গ্রহ—ক্যপ, প্রতিগৃহ্য। অপি—গ্রহ, অপিগৃহ্য
ইত্যাদি। স্বপ—ক্ত—সুপ্ত। বচ—উক্ত ইত্যাদিও হয়।

২৭। ভাববাচ্যে হন, বদ, ভূ ধাতুর পর ক্যপ্
হয়। এবং ক্যপ্ পরে হন ধাতুর নস্থানে ত হয়।

ব্রহ্মন্—হন—ক্যপ্—ব্রহ্মহত্যা। ব্রহ্মন্—বদ—ক্যপ্—
ব্রহ্মোদ্যা। ব্রহ্মন্—ভূ—ব্রহ্মভূয়। (পদান্তনকারের
লোপ হয়।)

বর্ত্তমানের কৃৎ প্রত্যয়।

বর্ত্তমানকালে কর্ত্তৃবাচ্যের কৃৎ প্রত্যয় তৃনাদি।*

২৮। তৃ(ন) আর ণক(অক), সকল ধাতুর
উত্তর হয়।

কৃ—তৃ(ন)—কর্ত্তৃ। পুং কর্ত্তা (যিনি করেন)। বচ—
তৃ, বক্তৃ—বক্তা (যিনি বলেন)। জ্ঞাপি(ই)—তৃ—জ্ঞাপ-
য়িতা (যিনি জানান) ইত্যাদি।

* তৃন—তৃ। ণক—অক। ণিন্—ইন্। অন। অন্—
—অ। ক—অ। ণ্ড—অ। শ—অ। ণ—অ। ষক—
অক। ঘিন্—ইন্। ণনট্—অন। থক। ষণ্—অ।

২৯। ইম্ পরে দরিদ্রার আকার লোপ হয়।

দরিদ্রা (ই) —ত্ত, দরিদ্রিতা।

৩০। ণইৎ, এওইৎ, কুৎ পরে আকারের স্থানে য, হয়।

দরিদ্রা—ণক দরিদ্রায়ক (যিনি দরিদ্র)। দা—দায়ক নী—নায়ক। পূ—পাবক। কৃ—কারক। (১৮ সূ।)

৩১। গ্রহ আদি অনেক হলন্ত এবং স্বরান্ত ধাতুর পর ণিন্ (ইন্) হয়। (১৮ সূ।)

গ্রহ—ণিন্—গ্রাহিন্, পুং—গ্রাহী। বচ, বাচী। ভুজ, ভোজী। দা, দায়ী। (৩০ সূ)। স্থা, স্থায়ী। কৃ—কারী ইত্যাদি।

৩২। নন্দি আদি এওান্ত ধাতু এবং কতিপয় সাধারণ ধাতুর পর অন হয়।

নন্দি—অন—নন্দন। (৩সূ)। জন—অর্দ্দি—অন-জনার্দ্দন। মধু—সূদি, মধুসূদন। বি—চক্ষ, বিচক্ষণ। ল-লবন ইত্যাদি।

টক—অ। ট—অ। খি—ই। খশ—অ। থ—অ বিণ—০। এই ২০। ইহার মধ্যে অন, ক, ড, ণ, ম কষণ, ট, থ, বিণ্, এই কয় প্রত্যয় করিলে প্রায়ই সংজ্ঞা হয়। আর সব বিশেষণ।

রাত্রি—চর—অন্—রাত্রিঞ্চর এবং রাত্রিচর হয়। (স্ত্রী রাত্রিঞ্চরী ইত্যাদি (ঈ হয়।)

৩৩। পচাদি অনেক সাধারণ ধাতুর পর অ(ন্) প্রত্যয় হয়।

পচ—অ(ন্)—পচ। দিব, দেব। নী, নয়। ভূ, ভব ইত্যাদি।

৩৪।—(১) কৃ গৃ জ্ঞা প্রী এবং উপান্তে ইক্-যুক্ত ধাতুর পর ক(অ) হয়।

বুধ—ক—বুধ। ভূ—রুহ—ক—ভূরুহ (বৃক্ষ) ইত্যাদি।

(২) কপরে দুহ ধাতুর হস্থানে ঘ, হয়।

কাম—দুহ—ক—কামদুঘা (কামধেনু।)

৩৫। অগুণ প্রত্যয় পরে, দীর্ঘ ঋস্থানে ইর্ হয় এবং ওষ্ঠ্যবর্ণে যুক্ত ঋস্থানে উর্ হয়।

কৄ—ক—কির। গৄ—ক—গির ইত্যাদি।

৩৬। র পরে পূর্ব্বস্বর দীর্ঘ হয়। সেই রেফের অন্তে স্বর থাকিলে হইবেক না। হল থাকিলে হয়।

পৄ—ত—পূর্ত্ত। চুর—ত—চূর্ণ ইত্যাদি।

৩৭। অগুণ স্বর পরে, ধাতুর—(১) আকার লোপ হয়।

বি—জ্ঞা—ক—বিজ্ঞ। প্র—জ্ঞা, প্রজ্ঞ ইত্যাদি।

অনন্ত নিপাতন।

অন্ করিলে নিপাতনে সিদ্ধ হয়। চর—অন্—চরাচর চল, চলাচল। পত, পতাপত ইত্যাদি। অন্যত্র চর—অন্—চর। এবং চল, পত, বদ ইত্যাদি।

—(২) ইবর্ণ স্থানে ইয়, এবং উবর্ণ স্থানে উব হয়।

প্রী—ক—প্রিয় ইত্যাদি।

—(৩) অসংযুক্ত বহুস্বর ধাতুর ইবর্ণ স্থানে য উবর্ণ স্থানে ব হয়।

বিভী—অং—বিভ্যং। জুহু—অং—জুহ্বং ইত্যা যুক্ত বর্ণের পর যথা—আপ্লু—আন—আপ্লুবান ইত্যা

৩৮। উপপদযুক্ত হন জন গমাদি এবং আক রান্ত ধাতুর পর ড—অ, হয় (ড্ ইৎ)।

৩৯। ড্ইৎ প্রত্যয় পরে, অন্ত্যস্বর কিম্বা উপা স্বরাবধি বর্ণের লোপ হয়।

শোক—অপ—হন্—ড (অ)—শোকাপহ। পঙ্ক—জ —ড—পঙ্কজ। আশু—গম—ড—আশুগ। গিরি—শী গিরিশ। দ্বি—পা, দ্বিপ। মধু—পা, মধুপ ইত্যাদি।

৪০। বিন্দাদির পর শ—অ হয়।

গো—বিন্দ—শ—গোবিন্দ। অর—বিন্দ—অরবিন্দ।

৪১।—(১) শ্বস, ব্যধ, ই(ন), তন, দা, ধা, সে অব—হৃ, আদির পর ণ—অ হয়। (১৮ সূ)

শ্বস—ণ—শ্বাস। ব্যধ—ব্যাধ। অব—তন, অবতান।

---

* সংজ্ঞা শব্দের যথা কথঞ্চিৎ ব্যুৎপত্তি করিয়া অ ঘটনা করিতে হয়। তাহাতে প্রায়ই যৌগিকরূঢ় হই থাকে।

—(২) দ্রু, নী, ভূ, আ—সং—জ্ব এবং জ্বলাদির পর ণ এবং অ(ন)ও হয়। (১৮সু) (২সু)

দ্রু—ণ—দাব, অ(ন)—দব। নী—নায়, নয়। ভূ—ভাব, ভব। জ্বল—জ্বাল, জ্বল। চল—চাল, চল ইত্যাদি।

৪২। নৃত, খন, রন্‌জ ধাতুর পর ষক—অক হয় (ষইৎ)।

নৃত—অক—নর্ত্তক। খন—খনক ইত্যাদি।

৪৩। ষক, অস্, অপ্, ঘিন্ আর অগুণ প্রত্যয় পরে রন্‌জ ধাতুর নকারের লোপ হয়।

রন্‌জ—ষক—রজক। এবং অস্—রজস্ ইত্যাদিও হয়।

৪৪। রন্‌জ ধাতুর পর ঘিন্—ইন্ হয়। ঘ্, ণ ইৎ।

রন্‌জ—ঘিন্—রাগিন্। পুং রাগী। (৪৩। ১৮। ২০সু)

৪৫। গৈ ধাতুর পর ণনট—অন, এবং থক হয়।

গৈ—ণনট—গায়ন। (২২। ৩০সু) এবং থক—গায়ক।

৪৬। কর্ম্ম পদযুক্ত ধাতুর পর ষণ্—অ হয়।

কুম্ভ—কৃ—ষণ্—কুম্ভকার। স্বর্ণকার। কর্ম্মকার ইত্যাদি।

৪৭। কর্ম্মপদ পূর্ব্ব—হন, চর, গৈ ধাতুর পর টক—অ হয়।

কুরু—চর—টক—কুরুচর। সাম—গৈ—সামগ।

৪৮। অগুণ স্বর পরে হন্ ধাতুর অকার লোপে হ—ন্ (হ্ন) হইলে ঘ্ন হয়। কেন ণত্ব হয় না।

পাপ—হন—টক—পাপঘ্ন ইত্যাদি।

৪৯। পুরস্ আদি পূর্ব্ব সৃ এবং যশস্ আদি কর্ম্ম পদ যুক্ত কৃ ধাতুর পর ট—অ হয়।

পুরস্—সৃ—ট—পুরঃসর। অগ্র—সৃ—ট—অগ্রসর। যশস্—কৃ—ট—যশস্কর। ভাস্—কৃ—ভাস্কর। ক্ষপা—কৃ—ক্ষপাকর। কর্ম্ম—কৃ—কর্ম্মকরী (দাসী) ইত্যাদি।

৫০। শব্দ, কলহ, বৈর, চাটু, সূত্র, মন্ত্র, গ্রন্থ, সূপ, অন্ধ ইত্যাদির পর কৃ ধাতুর প্রয়োগ হইলে ষণ্ হয় ট হয় না।

শব্দ—কৃ—ষণ্—শব্দকার। কলহকার। বৈরকার। চাটুকার। সূত্রকার। মন্ত্রকার। গ্রন্থকার। সূপকার। অন্ধকার। শ্লোককার ইত্যাদি।

৫১। উদর, আত্মন্, এবং কুক্ষির পর ভৃ প্রয়োগে খি—ই হয় (খইৎ)।

৫২। খইৎ প্রত্যয়ান্ত ধাতু পরে অব্যয় ভিন্ন স্বরান্ত শব্দের অন্তে ম্ যোগ হয়। আর সেই শব্দ একস্বর ঈ, ঊ, ওকারান্ত হইলে শ্রী—শ্রিয়ং, ভূ—ভুবং, গো—গাং, ইত্যাকার হয়। আর অরুস্ শব্দ অরুং হয়।

উদর—ভৃ—খি—উদরম্ভরি। আত্মন্—ভৃ—আত্মম্ভরি*। কুক্ষি—ভৃ—কুক্ষিম্ভরি ইত্যাদি।

---

* আত্মন্ আদি শব্দের পদান্ত নকারলোপে স্বরান্ত হওয়াতে মযোগ হয়।

৫৩।—(১) কর্ম্মপদযুক্ত এজি এবং (মনা ...) ধাতুর পর খশ্—অ হয়।

জন—এজি—খশ্—জনমেজয়। গো—মন—খশ্—গাং- ...। শ্রী—মন—শ্রীংমনা ইত্যাদি।

—(২) বিধু এবং অরুস্ পূর্ব্ব তুদ, অসূর্য্য ও উগ্র পূর্ব্ব দৃশ, ললাটের পর তপ, এবং মিতাদির পর পচ ধাতুর প্রয়োগ হইলে খশ্—অ হয়। *

বিধু—তুদ—খশ্—বিধুন্তুদ। অরুস্—তুদ, অরুন্তুদ। অসূর্য্য—দৃশ, অসূর্য্যম্পশ্যা। ললাট—তপ, ললাটন্তপ। মিত—পচ, মিতম্পচ ইত্যাদি।

৫৪।—(১) প্রিয় এবং বশপূর্ব্ব বদ এবং ভয়াদি পূর্ব্ব কৃ ধাতুর পর খ—অ হয়।

প্রিয়—বদ—খ—প্রিয়ম্বদ। বশ—বদ, বশম্বদ। ভয়—কৃ, ভয়ঙ্কর। মেঘ—কৃ, মেঘঙ্কর ইত্যাদি।

—(২) ক্ষেম, প্রিয়াদির পর কৃ প্রয়োগ হইলে খ এবং ষণ্ হয়।

ক্ষেম—কৃ—খ—ক্ষেমঙ্কর। ষণ্—ক্ষেমকার। প্রিয়—কৃ—প্রিয়ঙ্কর। প্রিয়কার ইত্যাদি।

—(৩) উপপদ কি কারক পদের পর ভূ, দৃ, ধৃ,

---

* শইৎ প্রত্যয়ের বিধি, শতৃ স্থলে দৃষ্ট হইবেক। মন ধাতু দিবাদি বর্জিত খ যুক্ত হয়। দৃশ স্থানে পশ্য হয়। লোপ করিয়া এজি আদির স্থল হয়।

ণ্যন্ত ধাতু এবং ভ্রাজ, ভূ, সহ, রুচ, চর, বৃধ, বৃত, প্র—জন, অপ—ত্রপ, ভূষার্থ অলং—কৃ, নিরা—কৃ, উৎ—পত, ইত্যাদির পর শীলাদি অর্থে ইষ্ণু হয়।

কৃ—ণিচ—কারি—ইষ্ণু—কারয়িষ্ণু (ত্রিলিঙ্গ) কাহাকে কোন কর্ম্মে প্রেরণ বা নিয়োজন করণে পটু।

ইষ্ণু আদি। ইষ্ণু, ষ্ণু (ক), স্নু, ক্নু—নু, ণুক—উক আক—আক, আলু, ঘুর—উর, কুর—উর, উক, ক্মরচ্—বর, র, উ, রু, ক্রু—রু, অস্তু, ইত্নু, বর, ভু—উ। এ পর্য্যন্ত বিশেষণ আর সব সংজ্ঞা হয়।

খান্ত নিপাতন।

উরস্ (বক্ষঃ)—গম—খ—উরগ, উরঙ্গম, (সর্প)। তুরা (বেগ)—গম—তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, (ঘোটক)। বিহায়স (আকাশ)—গম—বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, (পক্ষী) ভুজ (বক্র) গম—ভুজঙ্গ, ভুজগ (সর্প—বক্রগামী)। পত (পক্ষ)—গম—পতগ, পতঙ্গ, পতঙ্গম(পক্ষী)। প্লব (বেগ) গম—প্লবগ, প্লবঙ্গ, প্লবঙ্গম (বানর)। ইত্যাদি যোগরূঢ়।

বিণন্ত নিপাতন।

অনস্(শকট)—বহ(বহন)—বিণ—অনডুহ—অনড্বান্ (শকটবাহী—বৃষ)। শ্বেত (শ্বেত অশ্ব বা হস্তী) বহ—বিণ—শ্বেতবাহ—শ্বেতবাঃ(ইন্দ্র)। উক্থ—শন্স (কথন)—বিণ—উক্থশাস্—উক্থশাঃ (যজমান) অর্থাৎ পুরোহিতের উক্তবাক্য যিনি কহেন, ইত্যাদি যোগরূঢ়।

উৎ—ভূ—ইষ্ণু—উদ্ভবিষ্ণু (উদ্ভবনশীল)। রুচ, রোচিষ্ণু (দীপ্তিশীল)। ভ্রাজ, ভ্রাজিষ্ণু। চর, চরিষ্ণু। বৃধ, বর্দ্ধিষ্ণু। বৃত, বর্ত্তিষ্ণু। অলং—কৃ, অলঙ্করিষ্ণু। নিরা—কৃ, নিরাকরিষ্ণু ইত্যাদি।

৫৭। জি ধাতুর পর ষ্ণু(ক) হয়।

জি—ষ্ণু(ক)—জিষ্ণু (জয়শীল)।

৫৮। স্থা, পচ, গ্লাম্লাদির পর স্নু হয়।

স্থা—স্নু (স্থিতিশীল) পচ, পক্ষ্ণু (পচনশীল)।

৫৯। ক্ষিপ, ত্রস, গৃধ, ধৃষ আদির পর ক্নু—নু হয়।

ক্ষিপ—ক্নু—ক্ষিপ্নু। ত্রস, ত্রস্নু। গৃধ্নু। ধৃষ্ণু ইত্যাদি।

৬০। শৄ, স্থা, ভূ, কম, গম, হন, পদ, লষ, বৃষ, পত আদির পর ঞুক—উক হয় (ঞইৎ)।

শৄ—ঞুক—শারুক (হিংসক)। স্থা, স্থায়ুক। (৩০সূ)। ভূ—ভাবুক। কম—কামুক। গম—গামুক ইত্যাদি (১৮সূ)।

৬১। ঞইৎ, ণইৎ প্রত্যয় পরে হন ধাতুর হ স্থানে ঘ এবং নস্থানে ত্ হয়।

হন—ঞুক—ঘাতুক। ণক—ঘাতক। ণিন্—*ঘাতী

৬২। ভিক্ষ, নৄ, জল্প, কুট্টাদির পর ষাক—আক হয়।

ভিক্ষ—ষাক—ভিক্ষাকী। নৄ—নরাকী ইত্যাদি। (স্ত্রীং ঈ)

---

* পূর্ব্বের ণিন্ শীলার্থেও হয়। ণিনের মত গমাদির পর ণিট—ও হইয়া অন্ত্যবর্ণ আকার হয়। অগ্রে—গম—ণিট—অগ্রেগা। বিষ—ধন, বিষধা ইত্যাদি।

৬৩। শী, পতি, গ্রহি, স্পৃহির পর আলু হয়।

শী, আলু, শয়ালু। পতি, পতয়ালু ইত্যাদি। (৩সূ)

৬৪। মিদ, ভাস, ভন্‌জ ধাতুর পর ঘুর—উর হয়।

মিদ—ঘুর—মেদুর। ভাস, ভাস্বর। ভন্‌জ, ভঙ্গুর (বক্র)।

৬৫। ছিদ, ভিদ, বিদ ধাতুর উত্তর কুর—উর হয়।

ছিদ—কুর—ছিদুর। বিদ, বিদুর ইত্যাদি।

৬৬। জাগৃ এবং (যঙন্ত) যজ, জপ, বদ, দন্‌শ ধাতুর পর উক হয়।

জাগৃ—উক—জাগরূক (জাগরণশীল)।

৬৭। শইৎ ভিন্ন প্রত্যয় পরে হলের পর অকার এবং যকারের লোপ হয়।

যজ (যঙ) * যাযজ্য—উক—যাযজূক। (পুনঃ২ যজনশীল)। জপ, জংজপূক। বদ, বাবদূক। দন্‌শ, দংদশূক।

৬৮। নশ, গম, ই, জি, সৃ ধাতুর পর ক্বরপ—বর হয়। (ব, ক, প, ইৎ)।

নশ—বর—নশ্বর। গম, গত্বর (মস্থানে ত হয়)। ইত্বর। জিত্বর। সৃত্বর। (২৪সূ)।

৬৯। হিংস, দীপ, স্মি, কম, নম, অ—জস আদির পর র হয়।

হিংস—র—হিংস্র। দীপ্র। স্মের। কম্র। নম্র। অজস্র।

* যঙন্তে শত্বের এবং লুগন্তে সনের বিধি দৃষ্ট হইবেক

৭০। ভিক্ষ, আ—শংস এবং সনন্ত ধাতুর পর উ হয়।

ভিক্ষ—উ—ভিক্ষু। (স্বার্থে "ক" করিলে) ভিক্ষুক আ—শংস, আশংসু। পিপাসু। মীমাংসু ইত্যাদি।

—(২) বিন্দ, ইচ্ছ—উ করিয়া বিন্দু, ইচ্ছু হয়। (ক) বিন্দুক, ইচ্ছুক।

৭১। শত, দো, ধে, সদ, সি, ইহাদের পর রু হয়।

শত—রু—শত্রু। দো, দারু। ধে, ধারু ইত্যাদি(২২স্থ

৭২। ভী ধাতুর পর রু—রু এবং বন্দ উত্তর আরু হয়।

ভী—রু—ভীরু (ভয়শীল)। বন্দ—আরু—বন্দারু।

৭৩। জি আদির পর অন্ত হয়।

জি—অন্ত—জয়ন্ত।

৭৪। স্তনি, গদি, মদি, হর্ষি, পোষির পর ইত্নু হয়

স্তনি—ইত্নু—স্তনয়িত্নু (মেঘ)। (৩স্থ)। মদয়িত্নু (মদিরা)। হর্ষয়িত্নু (সুবর্ণ)। পোষয়িত্নু (পোষক)।

৭৫। ভাস, স্থা, ঈশ, আদির পর বর হয়।

ভাস—বর—ভাস্বর। স্থাবর। ঈশ্বর।

৭৬। স্বয়ং, শং, বি, সং, প্র—পূর্ব্ব—ভু ধাতুর পর ডু—উ হয়।

স্বয়ং—ভু—ডু—স্বয়ম্ভু। শম্ভু। বিভু। ইত্যাদি(৩৯

বর্ত্তমান কালের কারক বাচ্য ও ভাব বাচ্যের প্রত্যয়।

ত্র, অস্, ইস্, উস্, মন্, বিচ্—০, ক্বিপ্—০ এই সাত। *

৭৭। ইহারা প্রায় সকল ধাতুর উত্তর হয়।

ত্র—নী, নেত্র। পা, পাত্র। শাস, শাস্ত্র ইত্যাদি।

অস্—মন, মনস্। পয়, পয়স্। রন্জ, রজস্ ইত্যাদি।

ইস্—সৃপ, সর্পিস্। হু, হবিস্। বহ, বর্হিস্ ইত্যাদি।

উস্—চক্ষ, চক্ষুস্। বপ, বপুস্। ধন, ধনুস্ ইত্যাদি।

মন্—দা, দামন্। কৃ, কর্ম্মন্। সদ, সদ্মন্ ইত্যাদি।

বিচ্—রিষ, রেষ—রেট্। রুষ, রোষ্—রোট্ ইত্যাদি।

ক্বিপ্—রুজ, রুজ্—রুক্। শাস—শাস্, আশিস্—আশীঃ†

গৄ—গির—গীঃ ইত্যাদি (৬৬সূ)।

৭৮। ত্র, মন্, ক্বিপ্, অ, পরে ছাদির ইকার লোপ এবং আকার হ্রস্ব হয়। ছাদি, চুরাদি ধাতু।

ছাদি—ত্র—ছত্র, মন—ছদ্মন্ ইত্যাদি।

---

* বিচ্, ক্বিপ্, থাকে না। ক্বিপ্—অগুণ, বিচ্—গুণ প্রত্যয়। ক্বনিপ্, বনিপের ভাষায় ব্যবহার না থাকাতে দেওয়া গেল না।

† কোন প্রকারে ইর, উর ভাগান্ত শব্দ মূর্দ্ধন্য যান্ত হইলে যস্থানে র হয় এবং (৬৬সূ) দীর্ঘ হয়।

৭৯। উপমান ভূত তদাদি সর্ব্বনাম, ভবৎ অন্য সমান, এবং অস্মদ, যুষ্মদ শব্দের পর দৃশ ধাতুর প্রয়োগে কর্ম্মবাচ্যে টক্—অ। সক্—স ক্বিপ—০ হয় *।

৮০। টক্ আদি—প্রত্যয়ান্ত দৃশ ধাতু পরে সর্ব্ব নাম শব্দের অন্ত্যবর্ণ গিয়া আকার হয়। এবং সমান স্থানে স, ইদম্ স্থানে ঈ, কিম্ স্থানে কী, অদস্ স্থানে অমু, আদেশ হয়।

তদ—দৃশ—টক—তাদৃশ (সেই প্রকার)। যদ—দৃশ যাদৃশ। ভবৎ—দৃশ, ভবাদৃশ। অন্য—দৃশ, অন্যাদৃশ অস্মদ—অস্মাদৃশ। যুষ্মদ—যুষ্মাদৃশ। সমান—সদৃশ।

কিম্—দৃশ, কীদৃশ। ইদম্—দৃশ, ঈদৃশ। ইত্যাদি। তদ—দৃশ—ক্বিপ—† তাদৃশ্—তাদৃক্। যদ—দৃশ, যাদৃশ—যাদৃক্। সমান—দৃশ, সদৃক্। কিম—দৃশ, কীদৃক্। ইদম—দৃশ, ঈদৃক ইত্যাদি।

---

* তদ—দৃশ—সক্ তাদৃক্ষ। এই সক প্রত্যয়ান্ত পদ ভাষায় ব্যবহৃত হয় না। ক্বিপের সকল পদও ব্যবহার নাই।

ক্বিপ্ করিয়া নিপাতন।

† বচ—ক্বিপ—বাচ—বাক। শ্রি, শ্রী। গম, জগৎ। প্রচ্ছ, প্রাব্—প্রাট্। পরি—ব্রজ, পরিব্রাজ্—পরিব্রাট্। সৃজ, স্রজ—স্রক্। উৎ—ভিদ, উদ্ভিদ্—উদ্ভিদ্। ধ্যৈ,—ধী। প্র—শম, প্রশাম্—প্রশান্। এবং বি—রুহ—বীরুৎ —বীরুৎ ইত্যাদি।

৮১। করণ বাচ্যে খন, চর, সহ, বহ, পূ, স্থ, ল, ধাতুর পর ইত্র হয়।

খন—ইত্র—খনিত্র(খননাস্ত্র)। চর—ইত্র—চরিত্র। বহ বহিত্র। সহ—সহিত্র। পূ—পবিত্র ইত্যাদি।

৮২। কারক বাচ্যে এবং ভাব বাচ্যে সকল ধাতুর উত্তর ঘঞ—অ। অ(ল)। অন(ট)। হয়। কেবল কর্ত্তৃবাচ্যে হয় না। ভাব বাচ্যে অনটের পদই অধিক তাহারা ক্রিয়া বাচক সংজ্ঞা হয়।

ঘঞ—পদ, পাদ। কম, কাম। বস, বাস। (১৮সূ) অজ—অজ, সমাজ। উপ—অধি—ই (ও)—উপাধ্যায়। দা, দায়। (৩০সূ)। পচ, পাক। যজ, যাগ। (২০সূ) আ—হন, আঘাত। (৩১সূ) ইত্যাদি।

অ(ল)—কৃ কর। লী, লয়। ভূ, ভব। দিশ, দেশ। বুধ, বোধ। কুপ, কোপ। হন, বধ। (হন স্থানে বধ হয়)। নিঃ—অয, নিরয় এবং নিলয়। (র স্থানে ল) ইত্যাদি। (২সূ)

অন(ট)—জ্ঞা, জ্ঞান। দা, দান। শী, শয়ন, চি, চয়ন। শ্রু, শ্রবণ। ভূ, ভবন। কৃ, করণ। কৃ, কিরণ। (কুটাদি বলিয়া গুণ নিষেধে ইর) এবং জ্ঞাপি, জ্ঞাপন। স্থাপি, স্থাপন ইত্যাদি। (৩সূ)।

৮৩। * ঘঞন্ত বা ক্বিবন্ত পদ পরে উপসর্গেরা কখন২ বিকল্পে দীর্ঘ হয়।

ঘঞন্ত নিপাতন।

* রনজ(ঘঞ) রাগ। চি, কায়। নি—চি, নিকায়।

প্র—সদ—ঘঞ্‌—প্রাসাদ, প্রসাদ। প্রাকার, প্রকা
নিহার, নীহার। পরিহার, পরীহার। প্রতিহার, প্রতী
হার ইত্যাদি।

৮৪। ষ্ঠিব এবং সিব, অনট্ পরে বিকল্পে দীর্ঘ হ

ষ্ঠিব—অনট—ষ্ঠীবন, পক্ষে ষ্ঠেবন। সিব, সীবন, সেব

৮৫। বেপাদির পর ভাববাচ্যে অথু হয়। (বে
বম, শ্বি, ক্ষু, দ্রু, ভ্রু, যাচ, মস্‌জ, দম, লস, স্ফু
ভ্রাশ, ভ্রাজ ইত্যাদি।

বেপ—অথু—বেপথু (কম্পন মাত্র)। বম, বমথু।
শ্বযথু। ক্ষু, ক্ষবথু। দ্রু, দ্রবথু। যাচ, যাচথু ইত্যাদি।

৮৬। কৃ, পাচ, ভূ, যাচ, দা, ধা, মি, ক্রী, ব
লভ, ইত্যাদির পর ধাতুর অর্থ দ্বারা নিষ্পন্ন অ
ত্রিমক্—ত্রিম হয়।

কৃ—ত্রিম—কৃত্রিম (করিয়া নিষ্পন্ন) পচ, পক্তিম (
ত্রিম) (পাক করিয়া নিষ্পন্ন)। ভূ, ভূত্রিম ইত্যাদি বিশেষ

ক্ষুর, ক্ষার। স্ফুল, স্ফাল ইত্যাদি। নিপাতনের
সর্ব্বত্রই কতিপয় মাত্র প্রদর্শিত হইল। এই উপল
আর২ পদও অন্তর্ভূত হইবেক। এবং ভাষায় সকল
ব্যবহার্য্য নয়।

অনেকে কহেন তবাবধি অনেক সাধারণ প্রত্যয়
সকল বাচ্যেই হয়। অতএব পদের অর্থ বিবেচনা ক
বাচ্য নির্ণয় করিতে হইবেক।

৮৭। ভাব বাচ্যে স্বপ, রক্ষ, যত, প্রচ্ছ, যাচ, যজ আদির পর ন হয়।

স্বপ—ন—স্বপ্ন। যত—যত্ন। প্রচ্ছ—প্রশ্ন। (ছস্থানে শ হয়)। যাচ—যাচ্ঞা। যজ—যজ্ঞ। ইত্যাদি সংজ্ঞা হয়।

৮৮। ভাব বাচ্যে উপসর্গের পর এবং অধিকরণ বাচ্যে উপসর্গ এবং কর্ম্ম পদের পর দা, ধা প্রয়োগে কি—ই হয়।

আ—দা—কি—আদি। উপ—আ—ধা—কি—উপাধি। (৩৭—১সূ)। অধিকরণে—বারি—ধা—কি—বারিধি। বারি—নি—ধা, বারিনিধি। জল—ধা এবং জল—নি—ধা, জলধি, জলনিধি। এবং পয়োধি, পয়োনিধি।

৮৯। শী, ব্রজ, যজ, বিদ, মন, আস, চর, ভৃ, ইং, স্থ, সং—অজ, নি—পত, নি—সদ, অটাট; ইত্যাদির পর কর্ত্তৃভিন্ন কারকবাচ্যে এবং ভাববাচ্যে ক্যপ্ হয়। ক্যপ্ প্রত্যয়ান্ত পদ সকল আকারান্ত স্ত্রীলিঙ্গ।

শী—ক্যপ্—শয্যা। ব্রজ—ব্রজ্যা। যজ—ইজ্যা। বিদ—বিদ্যা। মন—মন্যা। আস—আস্যা। চর—চর্য্যা। ভৃ—ভৃত্যা। ইত্যাদি (২৩সূ, ২৪সূ) (শীর ঈস্থানে অয় হয়)।

৯০। ভাববাচ্যে কৃ ধাতুর পর ক্যপ্—য এবং শ—অ হয়।

কৃ—ক্যপ্—কৃত্যা (কার্য্য)।

৯১। শ এবং যক্ পরে হ্রস্ব ঋস্থানে রি হয়।

কৃ—শ—ক্রিয়া (কার্য্য) (৩৭—২সূ)

৯২।—(১) ভাববাচ্যে পরি—সৃ এবং জা

পর য হয়।

পরি—সৃ—য, পরিসর্য্যা। জাগৃ—য, জাগর্য্যা। (২

—(২) সনন্ত, যঙন্ত, নাম ধাতু, এবং শন্স

তুর পর অ হয়।

* সনন্ত। চিকিৎস—অ—চিকিৎসা। পিপাস, পিপা

যঙন্ত! অটাট্য—অ—অটাট্যা। লোলুপ্য, লোলুপা। (৩

নাম ধাতু। কণ্ডূয়—অ—কণ্ডূয়া। তপস্য, তপস্যা। প্র

শন্স—অ—প্রশংসা। আ—শন্স, আশংসা ইত্যাদি।

—(৩) (ক্ত) করিলে ইম্ হয় এমত গুরু

যুক্ত ধাতুর উত্তর অ হয়। তদন্ত শব্দ স্ত্রীলিঙ্গ।

† ঈহ—অ—ঈহা। জাগৃ, জাগরা। চেষ্ট, চেষ্টা।

---

* কিত, (স্বার্থেসন্) দ্বিত্বে, চিকিৎস। পা (স

পিপাস। অট (যঙ) দ্বিত্বে, অটাট্য। (৬৭সূ) স

লোলুপা। নাম ধাতুর যকার লোপ হয় না।

† ঈহ—ক্ত—ঈহিত। জাগৃ—ক্ত—জাগরিত। চে

চেষ্টিত ইত্যাদি। গুরুবর্ণযুক্ত কিন্তু অনিম হইলে

ইম্ যুক্ত কিন্তু গুরুবর্ণ হীন হইলে অ হইবে না। বরং

হয়। মুদ্রা। নী, নীতি। রাধ্, রাদ্ধি। এবং, পত—

পত্তি ইত্যাদি।

(৪) (এওযন্ত) ভীষি এবং (চুরাদি) চিন্তি, পূজি, কথি, কুম্বি, চর্চ্চি, স্পৃহি, তোলি, দোলি, ... ভিদ, ছিদ, গুহ, বিদ, ক্ষিপ, জন, পীড়ি, সৃ, ... রুজ, পচ, মৃজ, কণ, ঘট, জৃ, প্রথ, ব্যথ, ত্রপ, ... প্রস্থ, ত্বর প্রভৃতি সাধারণ ধাতুর উত্তর ... —অ হয়।

ভীষি—অ—ভীষা (ভয় প্রেরণ—ভয় দেখান) (ওস্থ) ...—চিন্তা। পূজি—পূজা। কথি—কথা। কুম্বি—... (আবরণ)। চর্চ্চা। স্পৃহা। তোলা। দোলা। ... ভিদ—ভিদা। ছিদ—ছিদা। গুহা, বিদা, ক্ষিপা, ... পীড়া, সরা, বসা; রুজা, পচা, * মৃজা, কণা, ঘটা, ... প্রথা, ব্যথা, ত্রপা, পৃচ্ছা, ত্বরা ইত্যাদি।

(৫) অন্তর্ শব্দ শ্রত শব্দ এবং উপসর্গের পর

...—অ, পরে ঋবর্ণান্ত ধাতুর গুণ হয়। সৃ—সরা। ...জরা।

অ করিয়া নিপাতন।

...ালি আদিরা (অ) করিয়া নিপাতনে, তুলাদি হয়। ...। তোলি—অ—তুলা (পরিমাণ দণ্ড)। ইষ, ইচ্ছা। ক্ষ, ...া (ছবিকা)। তৃ, তারা (নক্ষত্র)। ধৃ, ধারা (রীতি)। ...ারা (বন্ধনালয়)। হৃ—হারা (হরণ, হার)। লিখ ...লেখা এবং রেখা (শ্রেণী)। চুদ—চূড়া (প্রেরণা)। ...—গোধা (চর্ম্মপটী) ইত্যাদি।

আকারান্ত ধাতু প্রয়োগেও ঙ হয়। এই ঙ ব
ভিন্নকারক-বাচ্যেও হয়।

অন্তর—ধা—ঙ—অন্তর্ধা। শ্রত—ধা—শ্রদ্ধা। সং—
—সংজ্ঞা (৩৭—২সূ)। প্রজ্ঞা। আজ্ঞা। প্রমা। প্র
আভা ইত্যাদি।

—(৬) ণ্যন্ত ধাতু এবং ঈষ, গ্রন্থ, শ্রন্থ, বিদ, ব
আস আদির পর অন হয়। তদন্ত শব্দ পর
আকারান্ত স্ত্রীলিঙ্গ।

(ণ্যন্ত) কারি—অন, কারণা। সাধি—সাধনা। (অ
ঈষ—ঈষণা। তথা—শ্রন্থনা, গ্রন্থনা, বেদনা, বন্দ
আসনা ইত্যাদি।

অতিরিক্ত নিয়ম।

(১) নিমিত্তার্থে ধাতুর উত্তর চতুম্ হয়। চ, অ
তুম্ থাকে। তুম্ পরে ২সূ। ৬সূ। ৭। ৯। ১০। ১
১২। ১৩সূ। প্রয়োজন হয়। কৃ—তুম্—কর্ত্তুম্। দৃশ
দ্রষ্টুং। শ্রু—শ্রোতুং। ভক্ষ—ভক্ষিতুম্। দর্শি—
যিতুং। জিজ্ঞাস—জিজ্ঞাসিতুং ইত্যাদি। অ, অর্হং
হয়। সমাসে—মনস্ ও কাম শব্দ পরে তুমের ম
লোপ হয়। দ্রষ্টুম্ (দেখিতে) মনঃ যার, (এই বা
বহু ব্রীহি সমাসে) দ্রষ্টুমনাঃ। কর্তুমনাঃ। শ্রোতুম
এবং দ্রষ্টুম্ (দেখিতে) কাম (ইচ্ছা) যার এই ব
দ্রষ্টুকাম। তথা। শ্রোতুকাম। ভক্ষিতুকাম ইত্যাদি।
চতুমের অর্থে (নিমিত্তার্থে) ভাষাধাতুর পর, "তে" প্র
হয়। যথা। করি—তে—করিতে। যাও—তে—যাই
ইত্যাদি। প্রথম ভাগে বিশেষ করিয়া কথিত হইয়াছে

—(৭) ধাতুর উত্তর ক্তি হয়। ইহাকে, ক্তি প্রত্যয় ... বং স্ত্রীলিঙ্গ। ক্তি পরে ইম্ হয় না। এই ক্তি কর্তৃ ... ন্ন কারক বাচ্যেও হয়। (৯। ১০। ১১সূ। ১৩। ... । ৩৫। ৩৬সূ)।

ই—ক্তি—ইতি। নী—ক্তি—নীতি—প্র—ক্তি—... তি। ভূ—ক্তি—ভূতি। কৃ—ক্তি—কৃতি। শক—শক্তি। ...—বুদ্ধি। মুচ—মুক্তি। যুজ—যুক্তি। গম—গতি। ...—সুপ্তি। দৃশ—দৃষ্টি ইত্যাদি।

৯৩। কৄ, গৄ, গ্লৈ, হা, লূ আদির পর ক্তি স্থানে ... হয়।

কৄ—ক্তি—কীর্ণি (৩৫। ৩৬সূ) গৄ—গীর্ণি। গ্লৈ—গ্লানি। হা—হানি। লূ—লূনি। পৄ—পূর্ণি। অন্যত্র—পৄ—পূর্ত্তি ইত্যাদি।

---

(২) দুই তিন ধাতুর এক কর্ত্তা হইলে পূর্ব্ব বর্ত্তি ধাতুর উত্তর ক্ত্বা—ত্বা হয়। কৃ—ত্বা—কৃত্বা। ভূ—ত্বা—ভূত্বা। এই ক্ত্বার অর্থে ভাষায় "য়া" হয়। যথা। করিয়া। হইয়া ইত্যাদি। ত্বা এবং য, দুয়ের তুল্যার্থ। ইহাও প্রথম ভাগে উক্ত আছে। যেমন। সে আপন কর্ম্ম সিদ্ধ করিল ও লব্ধধন সঙ্গে লইল এবং এখানে আইল। এই বাক্যে পূর্ব্ববর্ত্তি "করিল" স্থানে "করিয়া", "লইল" স্থানে "লইয়া" প্রয়োগ করিলে বাক্য উত্তম হয়। যথা। সে আপন কর্ম্ম সিদ্ধ করিয়া ও লব্ধধন সঙ্গে লইয়া এখানে আইল ইত্যাদি।

কৃত প্রত্যয়।

৯৪। অতীত কালের অর্থে—(১) সকল ধাতুর উত্তর কর্ম্ম বাচ্য এবং ভাববাচ্যে ক্ত—ত হয়। কইৎ। ত, অগুণ। তবে ইৎযুক্ত হইলে কোনং ধাতুর গুণ হয়।

কর্ম্ম বাচ্যে কৃ—ত—কৃত। যাহা করা হইয়াছে নী—নীত। স্তু—স্তুত। অধি—ই(ও)—অধীত। অতি—ই(ন)—অতীত ইত্যাদি।

ভাব বাচ্যের পদ এককপ কেবল অর্থ ভিন্ন, কৃত (করা মাত্র)। নীত (লওয়া মাত্র) ইত্যাদি। পরস্পর এই বিশেষ।

---

(৩) ধাতু দ্বয়ের এক কর্ত্তা হইলে পূর্ব্ব ধাতুর উত্তর পৌনঃ পুন্য অর্থে ণমুল্—অম্ হয়। এই অমন্ত পদের দ্বিত্ব হয়। স্মৃ—অম্—স্মারং (দ্বিত্বে) স্মারং স্মারং। এই ণমুলর্থে ভাষায় "তে" হয়। এবং তদন্ত পদের দ্বিত্ব হয় যথা। স্মরি—তে (দ্বিত্বে) স্মরিতে, স্মরিতে, এবং ভাবি—তে—ভাবিতেং ইত্যাদি। তিনি ভাবিতেং চলিলেন ইত্যাদি এই "তে" বর্ত্তমান কালে হয়। ইহার বিবরণ প্রথমভাগে আছে। ইহারা সব অসমাপিকা ক্রিয়া বলিয়া গণ্য হয়।

এই (কৃতি) প্রত্যয়ান্ত অনেক পদ (কৃত) প্রত্যয়ের লক্ষণানুসারে সিদ্ধ হইবে। তাহার উদাহরণ সেইং স্থলে দৃষ্ট হইবেক।

অতঃপর অতীত কালের প্রত্যয়। ক্ত, ক্তবতু, ক্বসু, কান। এই চারি। ক্তবতু, ক্বসু, কানু এই তিন প্রত্যয়ান্ত পদ ভাষায় বড় ব্যবহার্য্য হয় না।

—(২) গমনার্থ ও প্রাপ্ত্যর্থ ধাতু এবং অকর্ম্মক ধাতুর পর কর্ত্তৃবাচ্যে (কৃত) * ত হয়। (ইহাদের উত্তর কর্ম্ম বা ভাববাচ্যে পূর্ব্বসূত্র বলিয়া হইবেক)।

কর্ত্তৃবাচ্যে ক্ত। যা—ত—যাত। প্র—আপ—ত—প্রাপ্ত। দীপ—দীপ্ত। নশ—নষ্ট ইত্যাদি।

—(৩) কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর কৃতবতু—তবৎ অর্থাৎ ক্ত, উ ইৎ।

কৃ—তবৎ—কৃতবৎ (পুং) কৃতবান্ (স্ত্রী) কৃতবতী। ইত্যাদি প্রকার পদ ভাষায় ব্যবহার না থাকাতে অধিক লিখিবার প্রয়োজন হইল না, তবে ইহার পদ ক্ত হইতে এক নিয়মে সিদ্ধ হয়, কেবল "বান্" ভাগ বিশেষ। যথা। নীত, নীতবান্। স্তুত, স্তুতবান্। গত, গতবান্।

৯৫। বর্ত্তমান এবং অতীত উভয় কালের অর্থে কর্ত্তৃ, কর্ম্ম, ভাব এই তিন বাচ্যেই জ্ঞানার্থ, পূজার্থ, ইচ্ছার্থ ধাতু এবং শীলাদি † ধাতুর পর ক্ত হয়।

কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানে এবং অতীতকালে।

বিদ—ক্ত—বিদিত। যে জানে। যে জানিয়াছে।

---

* অতীত কর্ত্তৃবাচ্যে (প্রাপ্ত) পাইয়াছে। এবং কর্ম্ম-বাচ্যে পাওয়া হইয়াছে। ভাববাচ্যে পাওয়া মাত্র। ইত্যাদি ভিন্ন২ অর্থ বুঝাইবেক।

† শীলাদি। শীল, রক্ষ, স্থা, ভী, বী, লী, শী, অনজ, ক্রীড়, মদ, মিদ, মুদ, ইক্ষ, রুধ, তৃপ, দৃপ, লিপ, স্বপ, স্নন,

পূজ—ক্ত—পূজিত। যে পূজা করে। যে পূজা করিয়াছে।
বাঞ্ছ—ক্ত—বাঞ্ছিত। যে বাঞ্ছা করে। যে বাঞ্ছা করিয়াছে।

কর্ম্মবাচ্যে—বর্ত্তমানে। অতীতকালে।

বিদ—বিদিত। যাহা জানা হয়। যাহা জানা গিয়াছে।
পূজ—পূজিত। যিনি পূজ্যমান। যিনি অর্চ্চিত হইয়াছেন।
বাঞ্ছ—বাঞ্ছিত। যাহা ইচ্ছা করা যায়। যাহা ইচ্ছা করা গিয়াছে। এবং শীল—শীলিত। রক্ষ—রক্ষিত। স্থা—স্থিত। ক্ষম—ক্ষান্ত ইত্যাদি পদেরও অর্থ বিবেচনা করিয়া বাচ্য এবং কাল নির্ণয় করিতে হইবেক।

ইম্ নিষেধ।

৯৬। (১) ক্ত করিলে আকারান্ত, ইবর্ণান্ত, উবর্ণান্ত, ঋবর্ণান্ত আর শক আদি অনিম্ ধাতু এবং বিকল্পে ইম্‌যুক্ত ধাতুর পর ইম্ হয় না।

যা—ক্ত—যাত। চি—চিত। ক্রী—ক্রীত। শ্রু—শ্রুত। ভূ—ভূত। বৃ—বৃত। শক—শক্ত। মুচ—মুক্ত। তপ—তপ্ত ইত্যাদি।

ক্ষম, ভ্রম, শ্রম, দম, ফল, ত্বর, লষ, ক্ষুষ, ধৃষ, তুষ, রুষ, শ্লিষ, হৃষ, মুহ, রুহ, স্নিহ ইত্যাদি।

এই ক্তান্ত পদে ভাবে সপ্তমীর একারযুক্ত হইলে এক প্রকার অর্থ হয়। যথা। গতে—গত হইলে, ধৃতে—ধৃত হইলে ইত্যাদি। ইহাকে অতীত ক্তের ভাবার্থ ভাব ক্তার্থ বলা যায়। এই ভাবক্তার্থে ভাষা ধাতুর পর "লে" প্রয়োগে এক প্রকার অতীতকালের আনন্তর্য্য ক্রিয়া হয় তাহা প্রথম ভাগে লিখিত হইয়াছে। যেমন। করি—লে—করিলে। খাই—লে—খাইলে ইত্যাদি।

(২) চিতাদি ধাতুর পরও ইম্ হয় না। *

চিত—ত—চিত্ত। কৃত—কৃত্ত। মদ—মত্ত। দীপ—দীপ্ত।

ইমের বিশেষ বিধি।

৯৭। উক্ত কয় প্রকার নিষিদ্ধ ধাতু ভিন্ন আর সকল ধাতুর উত্তর ক্ত করিলে ইম্ হয়। এবং নিষিদ্ধ মধ্যে (শী, নিষ্কুষ, পত, দরিদ্রা, ক্ষুধ, বস, পূজার্থ অন্চ এবং লোভার্থ লুভ) এই কয় ধাতুর পরেও ইম্ হইবেক। †

গর্জ্জ—ত—গর্জ্জিত। অর্জ্জ—অর্জ্জিত। উর্জ্জ—উর্জ্জিত। চেষ্ট—চেষ্টিত। চেষ্ট—চেষ্টিত। প্র—কাশ—প্রকাশিত। দরিদ্রা (ইম্)—ত—দরিদ্রিত। (২৯সূ)। পত—পতিত। ক্ষুধ—ক্ষুধিত ইত্যাদি।

বিকল্পে ইম্।

৯৮। ক্লিশ, বস, জপ, বি—শ্বস, আ—শ্বস, পূ মিদ, ক্ষিদ, স্বিদ, শক, রুষ, হৃষ, অস, স্বর ইত্যাদি পর বিকল্পে ইম্ হয়।

ক্লিশ—ত—ক্লিশিত, ক্লিষ্ট। জপ—জপিত, জপ্ত। বি-শ্বস—বিশ্বসিত, বিশ্বস্ত। আ—শ্বস—আশ্বসিত, আশ্বস্ত

---

* চিতাদি। চিত্ত, কৃত, মত, পৃচ, বৃত, শুচ, অক্ত, বি উন্দ, ইন্ধ, হ্রদ, মদ, জন, দীপ, প্যায়, মুর, চুর, ধুর, পুর, পৃষ, ভ্রস ইত্যাদি।

† অন্চ—অঞ্চিত। গত্যর্থে—অক্ত। লুভ—লুভিত লোভার্থে—লুব্ধ।

৯৯। ইম্‌যুক্ত ত পরে—(১) পূ, শী, ধৃষ, মি
ক্ষিদ, ক্ষিদ, এবং ক্ষমার্থ মৃষ ধাতুর গুণ হয়।

পূ—ত—পবিত, পূত। শী—শয়িত। ধৃষ—ধর্ষিত।

—(২) ণিএর ইকারের লোপ হয়।

(চুরাদি)—গণি (ইম্)—ত—গণিত। কথি—কথিত
পীড়ি—পীড়িত। (ণ্যন্ত)—কারি (ইম্)—ত—কারিত
সাধি—সাধিত। পালি—পালিত ইত্যাদি। (সনন্ত)—
পিপাস—ত—পিপাসিত। চিকিৎস—চিকিৎসিত। (নাম
ধাতু)—শব্দায়—শব্দায়িত। লুক্কায়—লুক্কায়িত ইত্যাদি।

১০০। অগুণ ত পরে (১) শমাদিরা দীর্ঘ হয়।*

শম—ত—শান্ত। দম—দান্ত। বম—বান্ত, বমিত।
ভ্রম—ভ্রান্ত। কম—কান্ত। এবং শম—তি—শান্তি। ক্লম—
ক্লান্তি ইত্যাদি।

—(২) তনাদি এবং গমাদির ণ, ন, ম লুপ্ত হয়।

তন—ত—তত। ক্ষণ—ক্ষত। গম—গত। হন—হত।
এবং হন—তি—হতি। মন—মতি। গম—গতি ইত্যাদি।

—(৩) দাস্থানে দৎ এবং ধাস্থানে হি হয়।

দা—ত—দত্ত। ধা—ত—হিত।

---

* শমাদি। শম, দম, বম, ভ্রম, শ্রম, কম, ক্লম, ক্রম,
ক্ষম ইত্যাদি।

তনাদি। তন, ক্ষণ, ক্ষিণ, ঋণ, ঘৃণ, তৃণ, ঘৃণ, প্রাণ,
ইত্যাদি।

গমাদি। গম, যম, নম, তম, অম, রম, মন, হন ইত্যাদি।

(৪) স্থা, মা, দো, সো ধাতুর আকার ইকার হয়।

স্থা—স্থিত। মা—মিত। এবং স্থা—তি—স্থিতি। মা—মিতি ইত্যাদি।

(৫) ছো শো ধাতুর আকার বিকল্পে ইকার

শো—ত—শিত এবং শাত ইত্যাদি।

(৬) স্ফায় স্থানে স্ফী এবং প্যায় স্থানে বিকল্পে পী হয়।

স্ফায়—ত—স্ফীত এবং স্ফাত (য লোপ)। প্যায়—পীন এবং প্যান।

১০১। (১) য, র, ল যুক্ত আকারান্ত ধাতুর পর (ক্ত) ত স্থানে ন হয়।

প্যা—ত—প্যান। প্রা—প্রাণ। গ্লৈ—গ্লান। (২২সূ)

(২) কোন প্রকারে ধাতু রেফান্ত হইলেই তাহার পর তস্থানে ণত্ব ণ হয়। (৩৬সূ)

চূর—ত—চূর্ণ। ঘুর—ঘূর্ণ। তৄ—তীর্ণ ইত্যাদি। (৩৫সূ)

(৩) লূআদির পরও ত স্থানে ন হয়।

লূ—ত—লূন। লু—লুন। দী—দীন। ডী—ডীন।

(৪) দকারান্ত হইলে ত স্থানে ন এবং ধাতুর দস্থানেও ন হয়।

ভিদ—ত—ভিন্ন। আ—পদ—আপন্ন। স্বিদ—স্বিন্ন।

১০৪। ক্ত পরে (ঘন এবং স্পর্শার্থে) শৈ্য—ধাতু শী হয়।

শৈ্য—ত—শীন (ঘন) এবং শীত (শীতল) স্পর্শার্থে ত, ন হয় না।

১০৫। গৈ, পা, হা, ধাতুর আকার ত পরে ঈ হয়।

গৈ—ত—গীত। পা—পীত। হা—হীন।

অতঃপর (৯। ১০। ১৩। ২৫। ২৬) এই কয় সূত্রানুযায়ি পদ।

বুধ—ত—বুদ্ধ, তি—বুদ্ধি। যুজ—যুক্ত। দৃশ—দৃষ্ট। গুহ—গূঢ়। দহ—দগ্ধ। মুহ—মূঢ়, মুগ্ধ। ভ্রস্জ—ভৃষ্ট। অজ—অষ্ট। বচ—উক্ত। মন্থ—মথিত। প্রচ্ছ—পৃষ্ট। যজ—ইষ্ট। স্বপ—সুপ্ত। বপ—উপ্ত। বস—উষিত। বিধ—বিদ্ধ ইত্যাদি। গ্রহ—ত—গৃহীত। (পঙ্গু)

১০৬। শ্বি এবং হ্বে ধাতুর শ্বি হইলে ত পরে দীর্ঘ হয়।

শ্বি—ত—শূন। হ্বে—ত—হূত ইত্যাদি।

ক্তান্ত নিপাতন।

নিঃ—বা—ত—নির্ব্বাণ (মুক্তি)। ভিদ—ভিত্ত (খণ্ড)। ঋণ (বিশোধ্য)। ফল এবং ফুল্ল—ত—ফুল্ল (বিকসিত) এবং উৎ—ফুল্ল—উৎফুল্ল। প্র—ফুল্ল—প্রফুল্ল। ইত্যাদিও হয়। কৃশ—ত—কৃশ (ক্ষীণতনু) ইত্যাদি। নিপাতন না হইলে। নিঃ—বা—ত—নির্বাত। ভিদ—ভিন্ন। ঋত। ফল—ফলিত। ফুল্ল—ফুল্লিত। কৃশ—কৃশিত।

১০৯। অগুণ ত, স এবং ক্বিপ্ পরে ধাতুর ব স্থানে দীর্ঘ ঊ হয়।

দিব—ত—দ্যূত। তি—দ্যূতি। নি—ষ্ঠিব—ত—নিষ্ঠ্যূত। তি—নিষ্ঠ্যূতি ইত্যাদি।

ধাতুর ষত্ব বিধি।

১১০। (১) উপসর্গীয় ইকার উকারের পর স্তুত, সু, স্তুব, স্থা, সন্জ, স্বন্জ, সিধ, সদ, সিচ, এবং সহ * এই সকল ধাতুর স ষত্ব হয়।

অভি—স্তু—ত—অভিষ্টুত। অনু—স্তুভ—ক্বিপ্—অনুষ্টুভ্। অভি—সু—ত—অভিষুত। বি—স্তুব—ক—বিষ্টুব। অধি—স্থা—অধিষ্ঠিত। অধিষ্ঠান, অনুষ্ঠান, অনুষ্ঠিত, প্রতিষ্ঠা, নিষ্ঠা, বিষ্ঠা। অভি—সন্জ—ঘঞ—অভিষঙ্গ। অনুষঙ্গ। পরি—স্বন্জ—পরিষ্বঙ্গ। নিষঙ্গ। নি—সিধ—ঘঞ—নিষেধ। প্রতিষেধ। নি—সদ—ঘঞ—নিষাদ। নিষণ্ণ, প্রতিষাদ, বিষাদ, বিষণ্ণ। অভি—সিচ—ঘঞ—অভিষেক। অভি—সহ—য—অভিষহ্য ইত্যাদি।

কিন্তু গমনার্থ সিধ, প্রতি পূর্ব্ব সদ, যঙ্যুক্ত সিচ, এবং ওকার যুক্ত সহ ধাতুর স ষত্ব হয় না। যথা।

নিসিদ্ধ (গত)। প্রতিসাদ। অভিসিসিচামান। বিসোঢ়।

* উক্ত কয় ধাতু ভিন্ন অন্য ধাতুর স ষত্ব হইবেক না। নিস্বাদ, বিস্মৃতি, বিস্তার, বিসর্জ্জন, বিসর্পণ, অনুস্বার, বিস্রবণ, অভিসার, বিস্ফোটক ইত্যাদি।

—(২) বি, সু, নি, দুঃ এই কয় উপসর্গ পূর্ব্ব স্বপ্‌ ধাতুর ব স্থানে উ হইলে স ষত্ব হয়।

বিষুপ্ত। নিষুপ্ত। সুষুপ্তি। নিষুপ্তি ইত্যাদি।

—(৩) উপসর্গের পর অন্য কতিপয় ধাতুর স, পদ বিশেষে ষত্ব হয়। উদাহরণে সেইং ধাতু পরিচয় হইবেক।

নি—স্না—নিষ্ণাত। নি—সেব—নিষেবণ, নিষেবিত স্যন্দ—অভিষ্যন্দ, নিষ্যন্দ। বি—সো—বিষ। বি—স্তম্ভ—বিষ্টম্ভ। বিস্তৃ—বিষ্টর (আসন) অন্যার্থে, বিস্তর। বি—স্থল—বিষ্ঠল। বি—স্ফুর—বিষ্ফার। বি—স্ফুর—বিষ্ফুরিত। বি—সন—বিষাণ। বি—স্বন—বিষ্বাণ। বি—স্কন্দ—বিষ্কন্দ। বি—স্কভ—বিষ্কম্ভ। বি—স্কুভ—বিষ্কুম্ভ

ধাতুর ণত্ব বিধি।

১১১। (১) অন্তর্ শব্দ এবং প্র, পরা, পরি, নির এই চারি উপসর্গের পর ধাতুর আদিস্থ ন ণত্ব হয়

অন্তর্ণীত, প্রণাম, প্রণয়, পরাণয়, পরিণাম, নির্ণয়, প্রণষ্ট, প্রণালী, প্রণাদ, প্রণুত, প্রণব, প্রণতি, পরিণাহ, নির্ণেজক, নির্ণিক্ত, পরিণয় ইত্যাদি।

—* (২) উক্ত হেতুযুক্ত উপসর্গের নি, গদাদি

---

* আদিতে ক, খযুক্ত ধাতু এবং ষান্ত ধাতু অন্তে হইলে নি, ণত্ব হয় না। অন্য ধাতু অন্তে নিবিষ্ট হইলে নি, বিকল্পে ণত্ব হয়। যথা। অন্তর্ণিবিষ্ট, অন্তর্নিবিষ্ট। প্রনিকুম্ভন। প্রনিখাদ। প্রনিপোষণ।

বিরুদ্ধ বর্ণ ব্যবধানে—অন্তর্ধান, প্রধান, পরিধান, পর্য্যটন, প্রবোধন, নিরঞ্জন, নির্ব্বাসন, নির্ব্বচন ইত্যাদি।

উপসর্গ ভিন্ন স্থলে পূর্ব্ব কথিত রেফ ষকারাদি পর হইলেই ণত্ব হইবেক। যথা।

তোষণ, পোষণ, আচরণ, তরণ, কীর্ণ, পূর্ণ, মন্ত্রণ, আক্রমণ, অভ্রুবাণ, আভরণ, ইত্যাদি। কিন্তু বর্জন, বর্ণন, অর্জন, স্পর্শন, ইত্যাদি হয় না।

১১২। অতীত কালের অর্থে পরস্মৈপদে কুস্থ—বস্ এবং আত্মনেপদে কান—আন হয়। কুস্থ কান পরে ধাতুর দ্বিত্ব হয়। দ্বিত্ব বিধি সনন্তে উক্ত হইবেক।

দা—(কুস্থ—বস্)—দদিবস্ (পুং) দদিবান্। ঋ—আরিবান্। অদ—আদিবান্। কৃ—(কান—আন)—চক্রাণ। বচ—ঊচান। জাগৃ—জজাগর্বাণ, জজাগ্রাণ ইত্যাদি।

এই কান এবং কুস্থর পদ ভাষায় বড় ব্যবহার নাই এজন্যে অধিক লেখা গেল না।

(কুস্থ পরে ইন্। আকারের লোপ। ঋধাতুর গুণ, জাগৃর গুণ বিকল্পে হয়)।

১১৩। বিদ ধাতুর পর বর্ত্তমানে কুস্থ—বস্ হয়। দ্বিত্ব হয় না।

বিদ—বস্—বিদ্বস্ (পুং) বিদ্বান্। (স্ত্রীং) বিদুষী। বস্ (পুং) বান্। স্ত্রীলিঙ্গে উষী। ইমের অভাবেও উষী হ। দদিবস্—দদুষী ইত্যাদি)।

১১৪। (১) ভবিষ্যৎ কালের অর্থে পরস্মৈপদে স্যতৃ—স্যৎ এবং আত্মনেপদে স্যমান * হয়। ইহাতে ২। ৬। ৭। ৮। ১০। ১২। ১৩। সূত্র ব্যবহৃত হইবেক

ভূ—স্যৎ—ভবিষ্যৎ, স্যমান—ভবিষ্যমাণ ইত্যাদি।

—(২) হন গম এবং ঋকারান্ত ধাতুরা অনিম হইলেও স্যতৃ, স্যমান করিলে ইম্ হয়।

হন—স্যৎ—হনিষ্যৎ। গম—গমিষ্যৎ। কৃ—করিষ্যৎ। এবং স্যমান—করিষ্যমাণ ইত্যাদি।

১১৫। দন্ত্য স পরে ষ, ঢ, ঘ, স্থানে ক্ হয়। এবং ককারের পর দন্ত্য স ষত্ব হইয়া ক্, ষ্ সংযোগে ক্ষ হইবে।

বচ—স্যমান—বক্ষ্যমাণ। ভজ—ভক্ষ্যমাণ। দৃশ—দ্রক্ষ্যমাণ। প্রচ্ছ—প্রক্ষ্যমাণ ইত্যাদি।

—(২) অন্তে চতুর্থবর্ণ আদিতে তৃতীয়বর্ণ থাকিলে ধাতুর সেই তৃতীয়বর্ণ চতুর্থ হয়। এবং অন্তের তৃতীয় চতুর্থ বর্ণেরা প্রথম বর্ণ হয়।

দহ—স্যমান—ধক্ষ্যমাণ। বুধ—ভোৎস্যমান ইত্যাদি।

১১৬। বর্ত্তমানের অর্থে কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদে

---

* কর্ম্মবাচ্যে সকল ধাতু আত্মনেপদী তাহাতে স্যমান হয়। স্যমানের পদ ভাষায় অধিক ব্যবহার হয়। স্যতৃর পদ তাদৃশ নহে।

শতৃ—অৎ হয়। এবং কর্ত্তৃ, কর্ম্ম উভয় বাচ্যে ভ
আত্মনেপদে শান—আন হয়। শইৎ।

বদ—শতৃ—অৎ—বদৎ। নম—নমৎ। ভ্রম—ভ্রমৎ
এই শতৃ শানের অনুরোধে ভ্বাদি প্রভৃতি প্রত্যেক দ
পরিচয় আবশ্যক। এবং কৃত্ব, কান, শাতৃ, শান
শতৃ, শান, এই ছয়ের অনুরোধে পরস্মৈপদী, আত্মনেপ
এবং উভয়পদী ধাতু পরিজ্ঞানের বিশেষ প্রয়োজন বে
করিয়া ক্রমে পরিচয় দেওয়া যাইতেছে।

ভ্বাদি আদি ধাতুরা তিন প্রকার হয়। পরস্মৈ
পদী* আত্মনেপদী এবং উভয়পদী। তাহ
বিশেষ পরে লিখিত হইবেক। শতৃ, শান করি
ধাতুরা দলভেদে যে প্রকার ভিন্ন২ হয়, তাহ
পরিচয়।

১ ভ্বাদি।

১১৭। (শতৃ, শান) শকারেৎ প্রত্যয় পরে (

---

* আত্মনে (আত্মার্থ) অর্থাৎ আপনার (কর্ত্তার)
অভিপ্রেত ফলের সিদ্ধির নিমিত্ত যে সকল ক্রিয়াপদ ব্যব
হয়, সেই সকল পদ সিদ্ধ করিবার জন্য কল্পিত বা নিয়
বিভক্তির নাম আত্মনেপদ। যে সকল ধাতুর উত্তর
বিভক্তি হয় তাহারা আত্মনেপদী ধাতু। তদ্ভিন্ন
ক্তির নাম পরস্মৈপদ, পরস্মৈ (পরার্থ)। এবং ধা
নাম পরস্মৈপদী। অপর কতিপয় ধাতু উভয়পদী।
হারা উভয় প্রকার বিভক্তিযুক্ত হয়। এই উভয়পদ

ভ্বাদি, চুরাদি এবং ণ্যন্ত সনন্তাদির পর অপ্—অ হয়। অপ্ পরে কেবল গুণ হয়।

ভূ—অপ্—ভব। জি—জয়। সৃ—সর ইত্যাদি।

—* (২) স্থাদি স্থানে তিষ্ঠাদি হয়।

স্থা—অৎ—তিষ্ঠৎ। পা—পিবৎ। শ্রু—শৃণ্বৎ ইত্যাদি।

ঞইৎ দিয়া নির্দ্দিষ্ট। তাহাতে ঞান্তেরা উভয়পদী হয়; এবং ঙইৎ দিয়া আত্মনেপদীর পরিচয় হয়। অতএব সন্নন্ত তথা ণপ্রত্যয়ান্ত নাম ধাতু এবং কর্ম্ম বা ভাব বাচ্যের ধাতুরাও আত্মনেপদী হয়। তদ্ভিন্ন ধাতু পরস্মৈপদী।

* স্থা—তিষ্ঠ। পা—পিব। ঘ্রা—জিঘ্র। ধ্মা—ধম। ম্না—মন। ইষ—ইচ্ছ। ঋ—ঋচ্ছ। গম—গচ্ছ। যম—যচ্ছ। দাণ—যচ্ছ। দৃশ—পশ্য। শদ—শীয়। সদ—সীদ। জ্ঞা—জা। জন—জা। শ্রু—শৃণু। ষ্ঠিব—ষ্ঠীব। ক্রম—ক্রম্য, ক্রাম। ক্লম—ক্লম্য, ক্লাম। ভ্রম—ভ্রম্য, ভ্রম। ত্রস—ত্রস্য, ত্রস। ত্রুট—ত্রুট্য, ত্রুট। লষ—লষ্য, লষ। যস—যস্য, যস। ভ্রাস—ভ্রাস্য, ভ্রাস ইত্যাদি হয়। ইহারা এরূপ কেবল শইৎ প্রত্যয় পরে হয়। অন্য কৃৎ পরে হয় না। কিন্তু ইকার ইৎ দিয়া নির্দ্দিষ্ট ধাতুরা সকল প্রত্যয় পরেই উপান্তে নকার যুক্ত হয়। যথা। নিদি—নিন্দ। কুথি—কুন্থ। ইদি—ইন্দ। ইখি—ইন্‌খ। অগি—অন্‌গ। মগি—মন্‌গ। পচি—পন্‌চ। আছি—আন্‌ছ। উছি—উন্‌ছ। লাছি—লান্‌ছ। খজি—খন্‌জ। গজি—গন্‌জ। গুজি—গুন্‌জ। শিজি—শিন্‌জ। বদি—বন্দ। নদি—নন্দ। স্তভি—স্তম্ভ ইত্যাদি। অগুণ প্রত্যয় পরেও ইহাদের উপান্ত নকার লুপ্ত হয় না, এই বিশেষ।

১১৮। শতৃ পরে অকারের লোপ হয়।

ভূ—অ—ভব—অৎ (অলোপে) ভবৎ। এবং নী—নয়ৎ। শ্রু—শ্রবৎ। তৃ—তরৎ ইত্যাদি।

১১৯। শান—আন পরে অকারের পর ম হয়।

বৃধ (অপ) বর্দ্ধ—আন (ম করিয়া)—বর্দ্ধমান। বৃত—আন—বর্ত্তমান। ত্বর—ত্বরমাণ ইত্যাদি। এবং যজ—অৎ—যজৎ। আন—যজমান। বহ—বহৎ, বহমান। পচ—পচৎ, পচমান ইত্যাদি। ইহারা উভয়পদী। শান প্রত্যয়ের পদ সাধু ভাষায় অধিক ব্যবহার হয়। শতৃ পদ সেরূপ নহে।

২ অদাদি।

১২০। শান পরে অদাদি মধ্যে কেবল শী ধাতুর গুণ হয়।

শী—আন—শয়ান। (শয়িত)

১২১। আস ধাতুর পর শানের আকার, ঈকার হয়।

আস—আন—আসীন। (উপবিষ্ট)

৩ হ্বাদি (হুআদি)

১২২। (১) শতৃ, শান পরে হ্বাদি ধাতুর দ্বিত্ব হয়। (দুইটা হয়।)

হু (জুহু), ভী (বিভী), দা (দদা), হ্রী (বিহ্রী), ইত্যাদি। জুহু—অৎ—জুহুৎ। (জুহ্বৎ) বিভী—অৎ—বিভ্যৎ।

৬ তুদাদি।

১২৬। তুদাদির পর শ—অ হয়, শ অগুণ।

তুদ—অৎ—তুদৎ। কৃ—অ—অৎ—কিরৎ। (৩৫সূ। এখানেও অৎ পরে অকারের লোপ হয়। (১১৭-১—১সূ)। প্রচ্ছ—অৎ—পৃচ্ছৎ। ভ্রস্‌জ—ভৃজ্জৎ। (২৬সূ; এবং (১৪সূ) মস্‌জ—মজ্জৎ। মৃ—অ—আন—ম্রিয়মাণ। (৯১সূ। ৩৭—২সূ। ১১৭—১, ৩সূ।) পৃ—প্রিয়মাণ।

১২৭। শ পরে মুচাদির উপান্তে অনুনাসিক যুক্ত হয়। (মুচ লিপ লুপ সিচ বিদ ইত্যাদি)।

মুচ—অ—অৎ—মুঞ্চৎ। আন—মুঞ্চান। সিচ—সিঞ্চান। ইত্যাদি।

১২৮। * কুটাদির গুণবৃদ্ধি কেবল ণ ইৎ ঞইৎ প্রত্যয় পরে হয়, অন্য প্রত্যয় পরে হয় না অতএব কুটাদির পর অন্য প্রত্যয় অগুণ হয়।

কুট—ণক—কোটক। অনট—কুটন। স্ফুর—স্ফুরণ।

৭ রুধাদি।

১২৯। শতৃ, শান পরে রুধাদির স্বরের পর ন হয়। এবং তাহার পর ন থাকিলে লুপ্ত হয়। রুধ—রুন্ধ। ভুজ—ভুনজ। যুজ—যুনজ। ইত্যাদি।

রুধ—অৎ—রুন্ধৎ। (হিংসি) হিনস—অৎ(স লোপে) হিংসৎ। যুজ—আন—যুঞ্জান। রুধ—রুন্ধান ইত্যাদি।

---

* কুটাদি। কুট, তুট, কট, মুট, পুট, স্ফুট, জুট, কুচ, কু, গু, ধ্রু, নু, কুড, তুড, পুড, স্ফুড, স্ফুর, গুর, ছুর, স্ফুল, ইত্যাদি।

৮ তনাদি।

১৩০। (১) শতৃ, শান পরে তনাদির অন্তে উকার হয়। এই উকার পরে অন্ত্যস্বরের গুণ হয়।

তন (উ)—অৎ—তন্বৎ। ক্ষিণ (উ)—ক্ষিণ্বৎ।

(২) কৃ গুণে অর্ হইলে সে অকারও উকার হয়।

কৃ (উ)—কর—অৎ—কুর্বৎ। আন—কুর্বাণ। অন্য প্রত্যয় পরে হইবে না।

১৩১। কৃৎ পরে সং এবং পরি পূর্ব্ব কৃ ধাতুর পূর্ব্বে স যোগে স্কৃ হয়। কৃ চৎ উপ যোগে উপস্কৃও হয়।

সং—কৃ—ঘঞ—সংস্কার। পরি—কৃ—পরিষ্কৃত। অ-নট—পরিষ্করণ। শ—পরিষ্ক্রিয়া। ইত্যাদি।

৯ ক্র্যাদি (ক্রী—আদি)।

১৩২। শতৃ, শান পরে ক্র্যাদির পর ন হয়। ন, অগুণ। ন পরে ক্র্যাদির মধ্যে পূ আদি কতিপয় ধাতু হ্রস্ব হয়। (পূ, ধূ, লূ, কৄ, পৄ, বৄ, শৄ, স্তৄ, জ্যা, ব্রী) ইত্যাদি।

ক্রী—ক্রীণ। পূ—পুন। ধূ—ধুন। জ্ঞা—জান। গ্রহ—গৃহ্ন। অশ—অশ্ন। ইত্যাদি।

ক্রী—অৎ—ক্রীণৎ। গ্রহ—গৃহ্নৎ। জ্ঞা—জানৎ। পূ—আন—পুনান। বৄ—বৃণান। গ্রহ—গৃহ্নান। ইত্যাদি।

১০ চুরাদি।

১৩৩। চুরাদির পর স্বার্থে* ণিচ—ই হয়। ...

* যাহার যে অর্থ, তাহার নাম স্বার্থ। স্বার্থে প্রত্যয় ...

কম্পে। কিন্তু চুরাদির অন্তর্গত গণ আদি ধাতুর পর নিত্য।

চুর (ঞি—ই) চোরি—অৎ—চোরযৎ। আন—চোরযমাণ। পক্ষে চুর—অপ—অৎ—চোরৎ। (ভ্বাদি) ইত্যাদি। (১১৭—১সূ)

১৩৪। (১) অকারান্ত চুরাদির পর স্বার্থে ঞি করিলে গুণ বৃদ্ধি হয় না। কেবল অকারের লোপ হয়।

গণ—ঞি (অলোপে) গণি—অৎ—গণযৎ। আন—গণয়মান। ক্ত—গণিত। (৯৯—২সূ)। অন—গণনা। (৯২—৬সূ) ইত্যাদি। কথ—ঞি—কথি। বর্ণ—বর্ণি—অনীয়—বর্ণনীয়, অনট—বর্ণন। (৩সূ) এবং তব্য—বর্ণয়িতব্য, তৃ (ন)—বর্ণয়িতৃ। (৪—২সূ, ৩সূ)। ইত্যাদি।

—(২) ঞি পরে কৃত ধাতু কীর্ত্ত হয়।

কৃত—ঞি—কীর্ত্তি, অৎ—কীর্ত্তয়ৎ। আন—কীর্ত্তয়মান। ক্ত—কীর্ত্তিত।

যে সকল হিংসার্থ বা দীপ্ত্যর্থ ধাতু চুরাদি মধ্যে গণিত না হইয়া অন্য দলভুক্ত হইয়াছে, তাহারা (চুরাদি) স্বার্থে ঞি যুক্ত হইয়া ব্যবহৃত হইতে পারিবেক। এই নিয়মে অন্যান্য ধাতুরও কখন২ চুরাদির ন্যায় ব্যবহার হয়।

করিলে সেই অর্থই থাকে, আর কোন বিশেষ হয় না। চুর (চৌর্য)—ঞি—চোরি (চৌর্য)। ইত্যাদি। এই জন্যে ইহাদিগকে স্বার্থে ঞি কহিয়া চুরাদি কহে।

১১ ণ্যন্ত।

১৩৫। প্রেরণার্থে ধাতুর উত্তর ণিঞ—ই হয়। ণিঞ যুক্তকে ণ্যন্ত কহে।

কৃ (করণ)—ণিঞ—কারি (কর্ম্ম করণে প্রবর্ত্ত করাণ) এবং গ্রহ (গ্রহণ)—ণিঞ—গ্রাহি (গ্রহণে প্রবর্ত্ত করাণ) ইত্যর্থ। চি—চায়ি। ভূ—ভাবি। ভুজ—ভোজি। দৃশ-দর্শি (১৮সূ)। মৃজ—মার্জি (১৫সূ) ইত্যাদি।

১৩৬। ণিঞ পরে (১) শো, সো, ছো, হ্বে, ব্যে, বে, পা ধাতুর পর য হয়। (২২সূ)।

শো—ণিঞ—শায়ি। পা—পায়ি ইত্যাদি

—(২) ঋ এবং আকারান্ত ধাতুর পর প হয়।

ঋ—প—ণিঞ—অর্পি। স্থা—স্থাপি। দা—দাপি।

—(৩) পালনার্থ পা ধাতুর পর ল হয়।

পা—ল—পালি (পালন করা)।

—(৪) গমনার্থ শদ ধাতুর দস্থানে ত হয়।

শদ—শাতি (পাঠান) অন্যত্র—শাদি (ক্ষয় প্রাপণ)

—(৫) প্রী এবং ধূ ধাতুর পর বিকল্পে ন হয়।

প্রী—ন—প্রীণি এবং প্রায়ি। ধূ—ন—ধূনি এবং ধাবি।

—(৬) লালনার্থ লা ধাতুর পর বিকল্পে ল হয়।

লা—ল—লালি (লালন করা)। অন্যত্র—লাপি

—(৭) ভী স্থানে ভীষ এবং রুহ স্থানে রুপ হয় বিকল্পে।

ভী—ভীষি, ভায়ি এবং রুহ—রোপি, রোহি।

—(৮) ই(ঙ), জি, ক্রী ধাতুর স্বর গিয়া আ হয়। স্ফুরও চি ধাতুর বিকল্পে। ১৩৬—২সূ।

অধি—ই(ঙ)—ণ্রি—অধ্যাপি। জি—জাপি। এবং স্ফুর—স্ফারি এবং স্ফোরি। চি—চাপি এবং চায়ি।

—*(৯) ঘটাদি এবং অম ভাগান্ত ধাতু হ্রস্ব হয়। তাহার মধ্যে কম, চম, অম ধাতুরা হয় না। শম, যম, ফণ ধাতুরা বিকল্পে।

ঘট—ণ্রি—ঘাটি (হ্রস্ব হইলে) ঘটি। ব্যথ—ব্যথি জন—জনি। এবং রম—রমি। গম—গমি ইত্যাদি। তথা কম—কামি। চম—চামি ইত্যাদি। শম—শমি, শামি যম—যমি, যামি। ফণ—ফণি, ফাণি।

—(১০) উপসর্গহীন জ্বল, হ্বল, গ্লৈ, স্না, বন, রম, নম ধাতুরা বিকল্পে হ্রস্ব হয়। উপসর্গ যোগে নিত্য

জ্বল—ণ্রি—জ্বলি, জ্বালি। রম—রমি, রামি। নম—নমি

ণ্রি. সন্, যঙ্, প্রত্যয় করিলে তদন্তেরা পুনর্ব্বার ধা[তু] হয়। এবং ণ্রান্তের পর সন্, সনন্তের পর ণ্রি ইত্যা[দি] পুনঃ২ প্রত্যয় করিলেও পুনরায় তাহাদের ধাতু বলি[য়া] ব্যবহার আছে। পশ্চাৎ তাহাদের উত্তর কৃৎ প্রত্যয় হই[য়া] থাকে। কিন্তু ণ্রান্তের পর ণ্রি, সনন্তের পর সন্ এবম্প্রকা[র] এক প্রত্যয়ের পুনঃ২ ব্যবহার নাই।

* ঘটাদি—ঘট, নট, বট, ভট, অক, চক, তক, অগ, ক[গ] নগ, অজ, কণ, চণ, ক্ষণ, বণ, শ্রণ, জপ, প্রথ, ব্যথ, [ক্ন] ক্রদ, মদ, ক্লদ, জন, চন, স্তন, স্বন, ক্রপ, ত্রপ, ত্বর, জ্বর, বল, হ্মল, ক্রব, দক্ষ, রম, স্মর, চহ, ইত্যাদি।

নামি। উপসর্গযোগে প্রজ্বালি। আরম্ভি। প্রণমি ইত্যাদি।
হন—ণিচ—ঘাতি। হন—ণক—ঘাতা। ঘক—ঘাত
ণক—ঘাতক। ণিন্—ঘাতী ইত্যাদি। ৬১সূ।

১২. সনন্ত।

১৩৭। * ধাতুর উত্তর ইচ্ছার্থে সন্ হয়। নইৎ, স্ থাকে। সন্ যুক্তকে সনন্ত কহে। সনন্ত ধাতুর দ্বিত্ব হয়।

বচ্—স(ন)—বিবক্ষ (বলিবার ইচ্ছা) ভুজ—স—বুভুক্ষ (ভোজনেচ্ছু) এই রূপ অর্থ হয়। (১০-১সূ। ১১৪-১-২সূ)
বুধ—স—বুভুৎস। দিহ—দিধিক্ষ। দৃশ—দিদৃক্ষ। মুচ—মুমুক্ষ। সৃজ—সিসৃক্ষ। যজ—যিযক্ষ। (১০-২। ৩। ৪। ৫সূ)

১৩৮। অনিম্ সন্ পরে (১) গুণ হয় না। এবং অন্তের স্বর দীর্ঘ হয়।

কৃ—স (দীর্ঘে) কৃ—চিকীর্ষ (৩৫। ৩৬সূ) মৃ—স (মৃ) মুমূর্ষ ইত্যাদি।

---

* অত্র ইচ্ছা শব্দের অর্থ "ধাত্বর্থ সম্পন্ন করিবার মানস।"
১। যে ধাতু যে পদী সন্ করিলে সনন্ত ধাতু সেই পদী হয়, তদনুসারে তাহার উত্তর কৃত্ আদি প্রত্যয় হয়।
২। সনন্ত ধাতু অকারান্ত হয় কিন্তু প্রত্যয় হইলে সে অকার থাকে না।
৩। দ্বিত্ব (এক ধাতু দ্বিবার হয়) যথা পচ (দ্বিত্বে) পচপচ। বচ দ্বিত্বে বচবচ ইত্যাদি। সনন্তের দ্বিত্বে বচ—স—(দ্বিত্বে) বচ্স বচ্স হইবেক।

—(২) হনও ই(ঙ) জাত গম ধাতুর দীর্ঘ হয় এবং দ্বিত্বের পর হন ধাতুর হস্থানে ঘ হয়।

হন—স—জিহাংস্ (পরে) জিঘাংস।

১৩৯। সন্ পরে (১) ই(ঙ) এবং ই(ন) ধাতু স্থানে গম হয় আর জি ধাতু স্থানে গি হয়।

অধি—ই(ঙ) স—অধিজিগাংস। জি—স—জিগীষ।

৪। দ্বিত্বের পূর্ব্ব ধাতুকে "খ" আর পর ধাতুকে "মূল ধাতু" কহে।

৫। দ্বিত্বকালে—আদি অন্তে স্বর থাকিলে ধাতুর আদ্য স্বরের দ্বিত্ব হয় না। যথা। ঈস (ই ত্যাগে)—স(দ্বিত্বে) সস। হয়। তাহার পর সংযোগ থাকিলে সংযোগের আদিস্থ ন, ব, দ, র, এই চারিবর্ণেরও দ্বিত্ব হয় না; যথা উন্দ (উন ত্যাগ করিয়া)—দি (দ্বিত্বে)—দিদি হয় এবং ঐ উক্ত (উন) যোগে উন্দিদি হয়। এইরূপ উজ্জি (জি), অদ্ড় (ড়ি), ঊর্ণু (নু), (দ্বিত্বে) জিজি, নুনু, ডিডি, হয়। সনন্তে কেবল শেষে স, যুক্ত হয়।

৬। দ্বিত্ব করিলে পূর্ব্ব ধাতুর আদ্য স্বরের পরে যেং বর্ণ থাকে, তাহার লোপ হয়। দরিদ্রা (দ্বিত্বে) দরিদ্রাদরিদ্রা (পর ভাগ লোপে) দ দরিদ্রা। হয়। পশ্চাৎ সংযোগ অবশিষ্ট থাকিলে, তাহার প্রথমে কোন স, অন্তে বর্গীয় আদ্য দ্বয়ের কোন বর্ণ যদি যুক্ত থাকে, তবে তাহার আদির স লোপ হয়। নতুবা অন্তের লোপ। স্তুভ (দ্বিত্বে) স্তুভ স্তুভ (ভ লোপে এবং সংযোগাদ্য স লোপে) তুস্তুভ হয়। এবং শ্রু (দ্বিত্বে) শ্রুশ্রু (অন্তলোপে) শুশ্রু হইবে ইত্যাদি।

দরিদ্রা—দিদরিদ্রিষ, দিদরিদ্রাস। তু—তিতরীষ, তিতরিষ, তুতুর্ষ। (৭—২সূ। ৩৫। ৩৬সূ) ইত্যাদি। দিব—দিদেবিষ, দুদ্যূষ। (১০৯সূ)

—(৬) ভ্রস্জ স্থানে বিকল্পে ভর্জ হয়।

ভ্রস্জ—স—বিভর্জিষ, বিভ্রজ্জিষ, বিভ্রক্ষ। (১৪সূ। ১৩সূ)

—(৭) অদ স্থানে ঘস হয় এবং চিস্থানে বিকল্পে কি হয়।

অদ—স—জিঘৎস। চি—চিকীষ—চিচীষ।

১৪০। অনিম সন পরে (১) মি, মী, মা, দা, ধা, রভ, লভ, শক, পত, পদ ধাতুর স্বরের স্থানে ইস্ হয়, দ্বিত্ব হয় না। এবং স পরে পূর্ব্ব স্থানে ত হয়।

মি, মী, মা—স—মিৎস। দা—দিৎস। ধা—ধিৎস। লভ—লিপ্স। শক—শিক্ষ। পত—পিপতিষ, পিৎস। (১৩সূ) (১১৫—২সূ) ইত্যাদি।

—(২) জ্ঞপ এবং আপ ধাতুর স্বর স্থানে ঈ হয়। আর মুচ স্থানে বিকল্পে মোচ্ হয়। দ্বিত্ব হয় না।

জ্ঞপ—স—জ্ঞীপ্স। আপ—ঈপ্স। মুচ—মোক্ষ। পক্ষে—মুমুক্ষ।

ণ্যন্তের পর সন্।

১৪১। ণির পর সন্ পরে (১) ই(ঙ) স্থানে গা এবং শ্বি ধাতুর শ্বি হয় বিকল্পে।

ই(ঙ)—ণি—সন্—গাপয়িষ (অধি যোগে এবং দ্বিত্বে)

অধিজিগাপয়িষ। পক্ষে ই(ঙ)—ণিচ—আপি—স—আপ-য়িষ (আ আগে এবং দ্বিত্বে) পিপয়িষ (অধি এবং আ যোগে) অধ্যাপিপয়িষ (অধ্যয়ন করাইবার ইচ্ছা অথবা অধ্যাপনা করিবার ইচ্ছা)।

—(২) স্বরান্ত ধাতুর দ্বিত্বের পর বৃদ্ধি আদি স্বর-কার্য্য হয়।

শ্বি—ণিচ—ইষ্—সন্ (জি) শু ই ই স (দ্বিত্বে) শুশ্রা-বয়িষ। পক্ষে শিশ্বায়িষ।

—(৩) হ্বে ধাতুর দ্বিত্বের পর উভয় পদের এবং স্বাপি ধাতুর পূর্ব্ব পদের (জি) বস্থানে উ হয়।*

হ্বে—ণিচ—ইষ—স (দ্বিত্বের পর জি) জু হু ই ইষ (পরে) জুহাবয়িষ। স্বপ—ণিচ—ইষ্—স—স্বাপয়িষ—(দ্বিত্বে) সুষ্বাপয়িষ।

ষত্ববিধি।

১৩২। (১) ওকারান্ত ধাতু এবং স্তু ধাতুর দ্বিত্বের পর ষত্ব সন্ পরে মূল ধাতুর স, ষত্ব হয়।

স্বপ—ণিচ—স্বাপি—সুষ্বাপয়িষ। স্তু—তুষ্টূষ।

---

* দ্যুত ধাতুর সন্ পরে পূর্ব্ব পদের জি হয়। দ্যুত—স—দিদ্যোতিষ। আকার যুক্ত ক, পবর্গ, এবং যল পরে থাকে এমত পূর্ব্ব ধাতুর উবর্ণ, ণিচের পর সন্ করিলে ইকার হয়। যু—যিয়াবয়িষ। পূ—পিপাবয়িষ। ইত্যাদি। কিন্তু নু—নুনাবয়িষ। ইত্যাদি হয়।

—(২) এ্যান্ত না হইলে অষত্ব সন্ পরে ষত্ব হয়।

স্থা—স—তিষ্ঠাস। সো—সিষাস। ইত্যাদি।

—(৩) ষত্ব সন্ পরে এ্যান্ত ভিন্ন অন্য ধাতুর ষত্ব হয় না।

সিচ—স—সিসিক্ষ। সন—স—সিসনিষ। ইত্যাদি।

—(৪) সনের স, ইকারাদির * পর হইলেই ষত্ব হয়। কোন বর্ণ ব্যবধানে হয় না। তাহা দ্বিত্ব করিলেও ষত্ব হয়।

ভূ—স—বিভবিষ, বুভূর্ষ। এবং প্রতি—ই—স (ই ত্যাগে, স দ্বিত্বে) প্রতীবিষ। ইত্যাদি। ব্যবধানে—দিৎস। লিপ্স। এবং হা—জিহাস। পা—পিপাস। বস—বিবৎস। ইত্যাদি।

স্বার্থেসন্।

১৪৩। কিত, তিজ, গুপ, মান, শান, দান, বধ ধাতুর পর স্বার্থে সন্ হয়। ইম্ হয় না, দ্বিত্ব হয়। এবং মান আদির দিত্বে পূর্ব্ব ধাতুর স্বর স্থানে দীর্ঘ ঈ হয়।

কিত (রোগশান্তি এবং সন্দেহ)—সন্ (দ্বিত্বে) চিকিৎস। তিজ (ক্ষমা) স—তিতিক্ষ। গুপ (নিন্দা) স—জুগুপ্স। মান (বিচরণ)—মীমাংস। শান (তীক্ষ্ণীকরণ)—শীশাংস। দান (খণ্ডন)—দীদাংস। বধ (নিন্দা)—বীভৎস। ইহাদের এই২ অর্থে সন্ হয় অন্যার্থে হয় না।

---

* ইকারাদি। ইচ, ক, এবং র।

সনন্তের পর ণিচ।

১৪৪। সনন্ত ধাতুরা অকারান্ত হয়। অতএব সনন্তের পর ণিচ করিলে অকারান্ত চুরাদি ধাতুর মত অকার লোপে কেবল ইকার যোগ মাত্র হয়। গুণ বৃদ্ধি হয় না।

বচ্—সন্—বিবক্ষ—ণিচ—বিবক্ষি—(বলিবার ইচ্ছা করিতে প্রবর্ত্ত করাণ) দা—সন—দিৎস—ণিচ—দিৎসি (দানেচ্ছা করিতে প্রবর্ত্ত করাণ) এবং হা—জিহাস—জিহাসি। পা—পিপাস—পিপাসি ইত্যাদি ধাতু হয়।

সনন্তের পর ণিচ করিয়া সন্।

১৪৫। সনের পর ণিচ করিয়া সন্ করিলে কেবল ইম্ হয়। আর দ্বিত্ব হয় না।

* পিপাস—ণিচ—পিপাসি—সন্—পিপাসয়িষ (পানেচ্ছাতে প্রবৃত্ত করাইবার ইচ্ছা) দিৎসি—সন্—দিৎসয়িষ (দানেচ্ছা করাইবার ইচ্ছা) ইত্যাদি প্রকার ধাতুর কোন প্রকার প্রত্যয়ান্ত পদের ব্যবহার না থাকাতে কেবল পদ্ধতি মাত্র দর্শিত হইল।

১৩ যঙন্ত।

১৪৬ (১) অকারান্ত মূত্র, সূত্র, সূচ, ধাতু এবং অট, অশ, ঋ, ঊর্ণু ধাতু—আর শুভ, রুচ

* একবার ধাতুর দ্বিত্ব করিলে পুনর্ব্বার আর দ্বিত্ব হয় না এবং ণিচ ও পুনর্ব্বার হয় না।

ব্যতীত, আদিতে হল অথচ একস্বর এমত হলন্ত কিম্বা স্বরান্ত ধাতুর পর পৌনঃপুন্য এবং অতি-শয়ার্থে—যঙ—য হয়। ঙ ইৎ।

—(২) আদিতে হল এমত একস্বর গমনার্থ ধাতুর পর বক্রার্থে এবং গৃ, লুপ, সদ, চর, জপ, জভ, দশ, দহ ধাতুর পর নিন্দার্থে—য(ঙ) হয়। ইহাদের উত্তর পৌনঃপুন্য বা অতিশয়ার্থে হয় না। তবে বক্র কি নিন্দার্থের সহিত মুহুরার্থ কি অতিশয়ার্থের যোগ থাকিলে হইতে পারিবেক।

—(৩) এই য অকারান্ত এবং অগুণ। তদন্তের নাম যঙন্ত (যঙ্ যুক্ত) ধাতু। যঙন্ত পদের দ্বিত্ব হয়, দ্বিত্বের বিধি পূর্ব্বে উক্ত হইয়াছে।

১৪৭। যঙ পরে (১) পূর্ব্ব ধাতুর গুণ হয়।

মূত্র—যঙ—মোমূত্র্য (পুনঃ২ বা অত্যন্ত মূত্র ত্যাগ)

* অট—যঙ—(অ ত্যাগে, টা দ্বিত্বে) অটাট্য (পুনঃ২ ভ্রমণ)

(২) নী, রী, অনুস্বার, এবং যোগ রহিত পূর্ব্ব ধাতুর অকার দীর্ঘ হয়।

অশ—যঙ—(অত্যাগে, শা দ্বিত্বে) অশাশ্য। ব্রজ—যঙ বাব্রজ্য (বক্র গমন) বা অতিশয় বক্র গমন।

---

* পূর্ব্ব ধাতুর অন্ত্যবর্ণ বকার মাত্র লোপের পর অবশিষ্ট অকার দীর্ঘে আকার হয়।

—(৩) বন্চ, স্রন্স, ধ্বন্স, শক, পত, পদ, স্কন্দ, ইহাদের পূর্ব্ব ধাতুর অকারের পর নী হয়।

বন্চ—যঙ—বনীবচ্য (পুনঃ২ বঞ্চনা) (২৫৭) ।

—(৪) ঋকারান্ত ধাতুর ঋস্থানে রী হইয়া দ্বিত্ব হয়। যঙের লুক্ করিলে হয় না।

কৃ—যঙ (রী) ক্রী—(দ্বিত্বে) চেক্রীয়। সং—কৃ—সংচেক্রীয়।

—(৫) ঋ ধাতু এবং সংযোগাদি ঋকারান্ত ধাতুর গুণ হয়। ইহাদের যঙ পরেও গুণ হয়।

ঋ—যঙ—(গুণে) অর্য্য (অভ্যাসে, র্য্য দ্বিত্বে) অরার্য্য। স্মৃ—যঙ—সাস্মর্য্য ইত্যাদি।

—(৬) ঋকার বিশিষ্ট পূর্ব্ব ধাতুর ঋকারের পর রী হয়। পরে ঋবর্ণের অবর্ণ হয়। ইহা যঙের লুক্ করিলেও হয়।

নৃত—যঙ—নরীনৃত্য। সৃপ—সরীসৃপ্য ইত্যাদি।

—(৭) অন্ত্যস্বর দীর্ঘ হয় এবং স্থাদির আকার ঈ হয়। ইহা যক্ করিলেও হইবেক। (স্থা, দা, ধা, মা, গৈ, হা, পা, সো) স্থাদি।

ঊর্ণু—যঙ—(ঊর অভ্যাসে) নু (দ্বিত্বে) নোনূয়—ঊর্ণোনূয়। স্থা—স্থীয়—তেষ্ঠীয়। দা—দেদীয়। মা—মেমীয়। পা—পেপীয় ইত্যাদি।

—(৮) শাস্ত্র, নাস্ত্র, মাস্ত্র ধাতু, জপ, জভ, দনশ,

দহ, ভন্জ, শপ, পশ ধাতুর দ্বিত্বে পূর্ব্ব ধাতুর অ-কারের পর অনুস্বার হয়। লান্ত, বাম্ভ, যাম্ভ ধাতুর বিকল্পে।

গম—যঙ—জঙ্গম্য। জপ—জঞ্জপ্য। দহ—দন্দহ্য। এবং চল—চঞ্চল্য, চাচল্য ইত্যাদ।

—(৯) ঘ্রাস্থানে ঘ্রা, ধ্মাস্থানে ধ্মী, শীস্থানে শয় হয়। এবং হন স্থানে ঘ্নী হয় বিকল্পে।

ঘ্রা—জেঘ্রীয়। ধ্মা—দেধ্মীয়। শী—শাশয্য। হন—জেঘ্নীয় এবং জঙ্ঘন। জন—জাজায়, জঞ্জন্য। (১০৮ সূ)

—(১০) স্বপ, স্যম, ব্যে ধাতুর জি হয়। শ্বি ধাতুর বিকল্পে।

স্বপ—যঙ—সুপ্য—সোষুপ্য। ব্যে—বেবীয় (১৩২-৭সূ) শ্বি—শুয়—শোশূয়। এবং শেশ্বীয় ইত্যাদি।

১৪ যঙলুগন্ত।

১৪৮। (১) যঙের লুক করিলেও এক প্রকার ধাতু হয়। যঙন্ত ধাতু আত্মনেপদী, যঙলুগন্ত ধাতু পরস্মৈপদী হয়। এবং তাহার পর অপের লুক্ হয়।

বোভূ—অং—বোভুবং। লোলুপ—অং—লোলুপং।

—(২) যঙলুক্ করিলেও দ্বিত্ব হয় এবং দ্বিত্বের পূর্ব্ব ধাতুর গুণ প্রভৃতি যঙের কার্য্য সকলও হইয়া থাকে।

ভূ—(যঙলুক) বোভূ। ভিদ—বেভিদ। লুপ—লোলুপ। বনচ—বনীবনচ। গম—জঙ্গম। জন—জঞ্জন।

—(৩) পূর্ব্ব ধাতুর ঋকারের পর রী হইলে, সেই রী স্থানে রি এবং র হয় বিকল্পে।

* কৃ—(যঙলুক) চরিকৃ, চর্কৃ, চরীকৃ। ভৃ—বরিভৃ, বর্ভৃ, বরীভৃ। নৃত—নরিনৃত, নর্নৃত, নরীনৃত। সৃপ—সরিসৃপ, সর্সৃপ, সরীসৃপ ইত্যাদি।

—(৪) স্থাদির আকার ঈকার হয় না।

স্থা—তাস্থা। দা—দাদা। ধা—ধাধা। কিন্তু হা—জহা (অত্র দীর্ঘ হয় না)।

—(৫) শইৎ ভিন্ন কৃৎ পরে গুণ বৃদ্ধি হয় না; (ঐসূত্র মতে ইম্ হয়)।

বেভিদ—তৃ—বেভিদিতৃ। মৃজ—মর্মৃজ—তৃ—মর্মৃজিতৃ।

—(৬) স্বপাদির জি বিকল্পে হয়।

স্বপ—সোষুপ, সাস্বপ ইত্যাদি।

১৫ নাম ধাতু।

অগ্রে নাম (শব্দ) থাকে পরে তাহাকে কাম্যকাদি প্রত্যয় যুক্ত করিয়া ধাতু করিলে নাম ধাতু কহে।

১৪৯। অনুক্ত কর্ম্ম পদের পর কর্ত্তার ইচ্ছার্থে, কাম্য(ক)—কাম্য এবং ক্য—য হয়। কইৎ।

পুত্র—কাম্য—পুত্রকাম্য (আপন পুত্রকে ইচ্ছা করা);

---

* যঙের লুক হইলে যকার নাথাকাতে মূল ধাতুর যঙ্‌বিহিত গুণাদি কোন কার্য্য হয় না। পশ্চাৎ কৃৎ প্রত্যয় হইলে প্রত্যয়ানুসারে কার্য্য হইতে পারিবেক।

১৫৫। চেতস্ আদি শব্দের পর ভিন্ন২ অর্থে ণ্ডা হয়। ণ্ডা পরে ত, স বর্ণের লোপও হয়।

চেতস্—ণ্ডা—চেতায়, (অচেতনকে চেতন করা)।

শশ্বৎ—ণ্ডা—শশ্বায়, (অনিত্যকে নিত্য করা)।

শব্দ—ণ্ডা—শব্দায়, (শব্দ করা) করণার্থ।

বৈর—ণ্ডা—বৈরায়, (শত্রুতা করা)।

ধর্ম্ম—ণ্ডা—ধর্ম্মায়, (ধর্ম্মাচরণ করা)।

সুখ—ণ্ডা—সুখায়, (সুখানুভব করা) অনুভবার্থে।

দুঃখ—ণ্ডা—দুঃখায়, (দুঃখানুভব)।

কষ্ট—ণ্ডা—কষ্টায়, (কষ্টদান) অধর্ম্ম প্রবৃত্তি।

পাপ—ণ্ডা—পাপায়, (পাপাচরণ)।

বাস্প—ণ্ডা—বাস্পায়, (বাস্পোদ্বমন) উদ্বমনার্থে।

উষ্ম—ণ্ডা—উষ্মায়, (উষ্মোদ্বমন)।

ফেণ—ণ্ডা—ফেণায়, (ফেণোদ্বমন)।

ধূম—ণ্ডা—ধূমায়, (ধূমোদ্বমন)।

রোমন্থ—ণ্ডা—রোমন্থায় (উদ্গিরণ করিয়া চর্ব্বণ)।

কণ্ডু—ণ্ডা—কণ্ডূয়, (কণ্ডূয়া করণ)।

১৫৬। কুচিৎ অর্থ বিশেষে ক্যও হয়।

নমস—ক্য—নমস্য, (নমস্করণ)।

তপস্—ক্য—তপস্য, (তপঃকরণ)।

বরিবস্—ক্য—বরিবস্য, (সেবা করণ) ইত্যাদি।

কাম্য, ক্য, ক্বি, করিলে পরস্মৈপদী ধাতু হয়।

১৫৭। কৃচিৎ অর্থ বিশেষে ঞি * হইয়া ঞ্যন্ত নাম ধাতু হয়। এই ঞি পরে অন্ত্য স্বরাদির লোপ হয়।

প্রশ্ন—ঞি—প্রশ্নি, (প্রশ্ন করণ)।

বর্ণ—ঞি—বর্ণি, (বর্ণনা করা)।

রূপ—ঞি—রূপি, (রূপ দর্শন)।

বস্ত্র—ঞি—বস্ত্রি, (বস্ত্র পরিধান)।

বর্ম্মন্—ঞি—বর্ম্মি, (বর্ম্ম ধারণ) ইত্যাদি।

কর্ম্ম বাচ্য ধাতুর বিশেষ পরিচয়।

১৫৮। কর্ম্ম বাচ্যে ধাতুরা আত্মনেপদী হয়। এবং বর্ত্তমানে আত্মনেপদী ধাতুর উত্তর শান হয়। অতএব কর্ম্ম বাচ্যের † বর্ত্তমানে শান প্রত্যয় করিলে সকল ধাতুর উত্তর যক্—য হয়। অর্থাৎ ধাতুরা অন্তে যকারযুক্ত হয়। যক্ অগুণ।

পচ—যক্—পচ্য। ভজ—ভজ্য। যুজ—যুজ্য। কথ—কথ্য। হন—হন্য। বধ—বধ্য। লভ—লভ্য। তপ—তপ্য। গম—গম্য। যাচ—যাচ্য। দৃশ—দৃশ্য। তৃপ—তৃপ্য।

১৫৯। এই যক্ পরে (২৫। ২৬। ৩৫। ৩৬। ৯১। ১৩২—৫—৭সূ) এই কয় সূত্রের কার্য্য হয়।

মন্থ—য—মথ্য। রন্জ—রজ্য। গ্রহ—গৃহ্য। প্রচ্ছ—

---

* ণ্য করিলে আত্মনেপদী এবং ঞি করিলে উভয়পদী ধাতু হয়।

† ভাব বাচ্যের বর্ত্তমানেও এইরূপ হয়।

পৃচ্ছ্য। বচ—উচ্য। যজ—ইজ্য। বহ—উহ্য। স্বপ—সুপ্য।
তৄ—তীর্য্য। পৄ—পূর্য্য। কৃ—ক্রিয়। সৃ—স্রিয়। ধৃ—ধ্রিয়।
সংকৃ—সংস্ক্রিয়। চি—চীয়। স্তু—স্তূয়। নী—নীয়। ঋ—
অর্য্য। স্মৃ—স্মর্য্য ইত্যাদি। স্থা—স্থীয়। দা—দীয়।
পা—পীয়। গৈ—গীয়। মা—মীয়। হা—হীয় ইত্যাদি।
এবং নিন্দ—নিন্দ্য। বন্দ—বন্দ্য। ইহাদের উত্তর শান
হইলে। হন—হন্যমান। বচ—উচ্যমান। যাচ—যাচ্য-
মান। দৃশ—দৃশ্যমান। দা—দীয়মান। গৈ—গীয়মান।
বন্দ—বন্দ্যমান ইত্যাদি।

অতঃপর ভ্বাদ্যাদি দলভেদে কতিপয় ধাতু সংগ্রহ।

১ ভ্বাদি পরস্মৈপদী। ভূ, চিত, মন্থ, সিধ, গদ, বদ, অর্দ্দ,
ইদি (ইন্দ), নিদি (নিন্দ), অনচ, ব্রজ, ক্ষি, গুপ,
তপ, ক্রম, নম, চল, ফল, ষ্ঠিব, জি, রক্ষ, কৃষ, দহ,
শুচ, গৈ, পা, ঘ্রা, ধ্মা, স্থা, স্মৃ, সৃ, শ্রু, স্রু, হৃ, কৃ,
গম, সৃপ, তৄ, দৃশ, কিত, ধ্যৈ ইত্যাদি।

—আত্মনেপদী। এধ, ভিক্ষ, ত্রপ, পণ, কম, দয়, সেব,
গুপ (জুগুপ্স), মান (মীমাংস), বধ (বীভৎস),
কুত, বাধ, ত্বর, কৃপ (কল্প), চেষ্ট, শকি (শঙ্ক),
তিজ, বেষ্ট, রুচ, শ্লাঘ, কাশ, কাস ইত্যাদি।

—উভয়পদী। রাজ, যজ, ভজ, রঞ্জ, শ্রি, দান (দীদাংস),
শান (শীশাংস), বম, বহ, গুহ, ভৃ, হৃ, বে ইত্যাদি।

২ অদাদি পরস্মৈপদী। অদ, অস, ব্রু, খ্যা, পা, মা, দরিদ্রা, যু, ই(ন্), হন, বিদ, রুদ, বচ, জাগৃ, স্বপ, শাস ইত্যাদি।

—আত্মনেপদী। অধি—ই(ঙ), শী, দীধী, বেবী, সু, ঈড়, ঈশ, চক্ষ, আস, বস ইত্যাদি।

—উভয়পদী। দিহ, দুহ, দ্বিষ, ঊর্ণু, স্তু, ব্রূ ইত্যাদি।

৩ হ্বাদি পরস্মৈপদী। হু, ভী, হ্রী, পৃ, সৃ, হৃ, হা(ক), হুহ ইত্যাদি।

—আত্মনেপদী। মা(ঙ), হা(ঙ), জন ইত্যাদি।

—উভয়পদী। দা, ধা, ভৃ, বিচ, নিজ, বিজ, বিষ ইত্যাদি

৪ দিবাদি পরস্মৈপদী। দিব, দ্রুহ, দোহ, ত্রস, কুষ, শো, পুষ, শুষ, সো, যুজ, মিদ, কুপ, লুভ, শম, তম, দম, শ্রম, ক্রম, ক্লম, ক্ষম, মুহ, নশ ইত্যাদি।

—আত্মনেপদী। পত, বিদ, বুধ, যুধ, জন, মন, দীপ, পূ, পূ, সূ, পী, লী ইত্যাদি।

—উভয়পদী। রনজ, শপ, নহ ইত্যাদি।

৫ স্বাদি পরস্মৈপদী। ক্ষি, হি, শক, তৃপ, দম্ভ ইত্যাদি।

—আত্মনেপদী। দৃ, অশ ইত্যাদি।

—উভয়পদী। সু, মি, চি, স্তৃ, বৃ, ধু ইত্যাদি।

৬ তুদাদি পরস্মৈপদী। কৃ, গৃ, প্রচ্ছ, সৃজ, মস্জ, কু, কুট, স্ফুর, ইষ, লিখ, বিশ, মৃশ, স্পৃশ, পুণ, গুম্ফ।

—আত্মনেপদী। পৃ, মৃ, কু, ধৃ, বিজ ইত্যাদি।

—উভয়পদী। তুদ, ভ্রস্জ, মুচ, লিপ, সিচ, বিদ, লুপ, শপ, কৃষ ইত্যাদি।

৭ রুধাদি পরস্মৈপদী। পৃচ, অন্জ, ভুজ, ভন্জ, হিংসি (হিংস), তৃহ ইত্যাদি।

—আত্মনেপদী। খিদ, বিদ, ইন্ধ ইত্যাদি।

—উভয়পদী। রুধ, রিচ, যুজ, ছিদ, ভিদ, তৃদ ইত্যাদি।

৮ তনাদি পরস্মৈপদী। ধাতু পাওয়া যায় নাই।

—আত্মনেপদী। বন।

—উভয়পদী। তন, তৃণ, ঘৃণ, কৃ ইত্যাদি।

৯ ক্র্যাদি পরস্মৈপদী। জ্ঞা, ব্রী, গৄ, জৄ, পৄ, মৃদ, ক্ষুভ, অশ ইত্যাদি।

—আত্মনেপদী। বৃ।

—উভয়পদী। ক্রী, প্রী, শ্রী, পূ, পু, লূ, কৄ, বৄ, শৄ, স্তৄ, গ্রহ ইত্যাদি।

চুরাদি। অকারান্ত। গণ (গণি), কৃত (কীর্ত্তি), এই রূপ ইকারান্ত হয়। কথ, কাল, কুমার, গুণ, গৃহ, চিত্র, দুঃখ, পট, পার, মিশ্র, মৃত্র, মৃগ, মৃষ, রচ, বস, রূক্ষ, বর্ণ, বেল, বীজ, বীর, শীল, শূর, সুখ, সূত্র, সান্ত্ব, স্পৃহ, হিল্লোল ইত্যাদি।

-আকারান্ত। জ্ঞা (জ্ঞাপি)।

-ঋকারান্ত। ধৃ, মৃ, পৃ, বৃ, স্মৃ, এবং জৄ, দৄ ইত্যাদি,।

-কাত্র প্রভৃতি হলন্ত। তর্জ লোক মার্গ অর্চ্চ মুচ, লোচ,

গর্ব্ব তর্ক পূজ ঘট রট বণ্ট লুঠ পুস্ত অর্দ্দ ছর্দ্দ মদ শব্দ, সূদ জপ কম শম ঈর চর চুর পুর মন্ত্র যন্ত্র ইত্যাদি। ইহারাও এয়ন্তের মত ইকারযুক্ত হয়।

অনিম্ ধাতু।

অনিম—কান্ত। শক ৪ এ। ৫ প। চান্ত—পচ ১ এ। মুচ ৬ এ। বচ ২ প। বিচ ৭ এ। রিচ ৭ এ। সিচ ৬ এ। চ্ছান্ত—প্রচ্ছ ৬ প। জান্ত—ত্যজ ১প)। নিজ ৩ এ। ভজ ১এ। ভঞ্জ ৭প। ভুজ ৬প। ৭প। ভ্রস্জ—৬এ। মস্জ ১প। যজ ১এ। যুজ ৪ও। ৭এ। রন্জ ১এ। রুজ ৬প। বিজ ৩এ। সৃজ ৪ও। ৬প। স্বন্জ ১এ। দান্ত—অদ ২প। খিদ ৪ও। ছিদ ৭এ। তুদ ৬এ। নুদ ৬এ। ভিদ ৭এ। পদ ৪ও। বিদ ৪ও। বিন্দ ১প। শদ ১প। সদ ৪প। ৬প। স্কন্দ ১প। স্বিদ ১প। ক্ষুদ ৭এ। হদ ১ও।

ধান্ত—ক্রুধ ৪প। ক্ষুধ ৪প। যুধ ৪ও। রাধ ৪প। রুধ ৭এ। বন্ধ ৯প। বুধ ৪ও। ব্যধ ৪প। শুধ ৪প। সাধ ৪প। সিধ ৪প। নান্ত—মন ৪ও। হন ২প। পান্ত—ক্ষুপ ১প। তপ ১প। ৪ও। তিপ ১প। লিপ ৬এ। লুপ ৬এ। বপ ১এ। শপ ১এ। স্বপ ২এ। সৃপ ১প। ক্ষিপ ৪প। ভান্ত।—যভ ১প। রভ ১এ। লভ ১ও। মান্ত—গম ১প। নম ১প। যম ১প। রম ১ও।

শান্ত—ক্রুশ ১প। লিশ ১প। দিশ ১এ। দৃশ ১প। দন্শ ১প। বিশ ৬প। মৃশ ১প। রিশ ১প। রুশ ১প। স্পৃশ ৬প। সান্ত ঘস ১প। বস ১এ।

ষান্ত—কৃষ ১প। ৬এ। তুষ ৪প। ত্বিষ ১এ। দুষ ৪প। দ্বিষ ২এ। পিষ ৭প। পুষ ৪প। বিষ ৯প। শষ ১প। শুষ ৪প। শ্লিষ ৪প। হান্ত—দহ ১প। দিহ ২এ। দুহ ২এ। মিহ ১প। রুহ ১প। লিহ ২এ। লুহ ১প। বহ ১এ।

তদ্ধিত প্রকরণ।

[ধাতুর উত্তর প্রত্যয় করিয়া যে রূপে শব্দ সকল সিদ্ধ হয় তৎ পরিচয় দেওয়া গিয়াছে। এক্ষণে শব্দের উত্তর প্রত্যয় করিলে যে প্রকার পদ সিদ্ধ হইবে তাহার পরিচয় দেওয়া যাইতেছে]

তদ্ধিত।

যাহাতে প্রয়োজন মতে বিশেষ২ প্রত্যয় দ্বারা শব্দের (হিত) বিশেষ২ অর্থ প্রতিপন্ন হয় তাহার নাম তদ্ধিত। *

† অপত্যার্থের তদ্ধিত প্রত্যয়। ষ্ণি, ষ্ণেয়, ষ্ণ্য, ষ্ণায়ন, ষ্ণিক, ষ্ণ, ণায়, এই সাত। ষ এবং ণ ইৎ যায়।

১। ণকারেৎ তদ্ধিত প্রত্যয় পরে (১) শব্দের আদ্য স্বরের বৃদ্ধি হয়। ‡

মরুৎ—ষ্ণি (ই)—মারুতি। বায়ু পুত্র (হনুমান)।

---

* তৎ (তার) অর্থাৎ শব্দের—হিত—তদ্ধিত।

† যদ্দ্বারা বংশের পতন না হয় তাহাকে অপত্য কহে। কন্যা পুত্র পৌত্রাদি।

‡ কারক পদের আদ্য স্বরের কুত্রচিৎ বৃদ্ধি হয়। কুত্রচিৎ প্রসিদ্ধপদে হয় না। যথা। দেশ—ষ্ণিক—দৈশিক। এবং ঈয়—দেশীয় ইত্যাদি।

—(২) সুভগাদি শব্দের উভয় পদের এবং সু-পঞ্চালাদির অন্ত্য পদের আদ্যস্বরের বৃদ্ধি হয়।

সুহৃদ্—ষ্ণ্য (য)—সৌহার্দ্য। সুহৃদ্ভাব (প্রণয়)

—(৩) আদিতে ইকার জাত যকারের পূর্ব্বে ই, এবং উকার জাত বকারের পূর্ব্বে উ, হইয়া বৃদ্ধিতে ঐ এবং ঔ হইবেক।

ব্যাকরণ—ষ্ণ (অ)—বৈয়াকরণ। ব্যাকরণ বেত্তা।

শ্বন্—ষ্ণ—শৌবন। কুকুরীয়।

২। তদ্ধিত প্রত্যয়ের য এবং স্বর পরে (১) অবর্ণ ইবর্ণের লোপ হয়।

দ্রোণ—ষ্ণি—দ্রৌণি। দ্রোণ পুত্র (অশ্বথামা)।

অগ্নি—ষ্ণের—আগ্নেয়। অগ্নি সম্বন্ধীয়।

—(২) উবর্ণের গুণ এবং ঋস্থানে র হয়।

পাণ্ডু—ষ্ণ—পাণ্ডব। পিতৃ—ষ্ণ্য—পৈত্র্য।

—(৩) অহন্ স্থানে অহ্ন হয়। ঈন পরে হয় না।

অহন্—ষ্ণিক—আহ্নিক। ষ্ণ্য—আহ্ন্য (দিবাকৃত)।

ত্র্যহন্—ঈন—ত্র্যহীন। তিন দিনে জাত।

৩। অপত্যার্থে (১) অকারান্ত শব্দ ও বাহ্বাদির পর ষ্ণি—ই হয়।

সুত—ষ্ণি—সৌতি। (সুতের পুত্র)। বাহু—ষ্ণি বাহবি ইত্যাদি।

—(২) আ, ঈ প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এবং অ[ত্রি] আদির পর ঢেয়—এয় * হয়।

গঙ্গা—ঢেয়—গাঙ্গেয়। মহী—মাহেয়। অত্রি—আত্রেয় ইত্যাদি।

—(৩) গর্গাদির উত্তর ষ্ণ্য—য এবং নড়াদির প[র] ষ্ণায়ন—আয়ন হয়।

গর্গ—ষ্ণ্য—গার্গ্য। বৎস—বাৎস্য। জমদগ্নি—জামদগ্ন্য। ইত্যাদি। নড়—ষ্ণায়ন—নাড়ায়ন। দক্ষ—দাক্ষায়ণ।

—(৪) রেবত্যাদির পর ষ্ণিক—ইক এবং শিবাদির পর ষ্ণ—অ হয়।

রেবতী—ষ্ণিক—রৈবতিক। অশ্বপাল—আশ্বপালিক। শিব—ষ্ণ—শৈব। যদু—ষ্ণ—যাদব ইত্যাদি।

—(৫) পিতৃষ্বসৃ আদির পর ণীয়—ঈয় হয়।

পিতৃষ্বসৃ—ণীয়—পৈতৃষ্বস্রীয়। মাতৃষ্বসৃ—মাতৃষ্বস্রীয় ইত্যাদি।

৪। সুভগা, দুর্ভগা, জ্যেষ্ঠা, কনিষ্ঠা প্রভৃতির পর ঢেয় স্থানে ইনেয় হয়।

সুভগা—এয় (ইনেয়)—সৌভাগিনেয়। দুর্ভগা—দৌর্ভাগিনেয় ইত্যাদি।

---

* এয় পরে ক্বচিৎ উবর্ণের লোপ হয়। কমণ্ডলু—এয়—কামণ্ডলেয়। পাণ্ডু, কদ্রুর হয় না। পাণ্ডু—এয়—পাণ্ডবেয়। কাদ্রবেয় ইত্যাদি।

৫। পরস্ত্রী শব্দের পর ষ্ণেয় পরে এবং স্ত্রীশব্দের পর ষ্ণ পরে ন হয়।

পরস্ত্রী—ষ্ণেয়—পারস্ত্রৈণেয়। স্ত্রী—ষ্ণ—স্ত্রৈণ।

৬। কর্ত্তৃবাচ্যে এবং কর্ম্মবাচ্যে কর্ম্মাদি কারক পদের পর ষ্ণি আদি এবং ষ্ণীক—ঈক, কণ—ব, নীন—ঈন, আর ইয়, এই একাদশ প্রত্যয় হয়।

কর্ম্মপদের উত্তর কর্ত্তৃবাচ্যে।

তর্ক—ষ্ণিক—তার্কিক। তর্ককে যিনি জানেন।

ব্যাকরণ—ষ্ণ—বৈয়াকরণ। ব্যাকরণ বেত্তা।

অনুক্তকর্ত্তা এবং করণের পর।

পাণিনিন্—ঈয়—পাণিনীয়। পাণিনি মুনিকৃত।

বাচ্—ষ্ণিক—বাচিক। বাক্যদ্বারা কৃত।

যষ্টি—ষ্ণীক—যাষ্টীক। যষ্টিদ্বারা যোদ্ধা।

সম্প্রদানের পর।

* ক্ষত্র—ইয়—ক্ষত্রিয়। ক্ষত্রধর্ম্মে সাধু।

যজ্ঞ—ষ্ণিক—যাজ্ঞিক। যজ্ঞের হিতকারী।

অপাদান।

মথুরা—ষ্ণ—মাথুর। মথুরা হইতে আগত।

নগর—ষ্ণিক—নাগরিক। নগর হইতে আগত।

ইহ—ষ্ণিক—ঐহিক। পরত্র—পারত্রিক।

---

* হিতাদি অর্থে সম্প্রদান কল্পিত হয়।

অধিকরণ।

গ্রাম—ষ্য—গ্রাম্য : ঈন—গ্রামীণ (গ্রামজাত)।

অগ্র—ষ্য—অগ্র্য। অগ্রেজাত।

দ্বার—ষ্ণিক—দৌবারিক। দ্বারে স্থিত ইত্যাদি।

৭। তদ্ধিত প্রত্যয় পরে পদান্ত নকারের লোপ হয়।

পাণিনিন্—ঈয়—পাণিনীয়। আত্মন্—ষ্ণ—আত্মত্ব।

৮।—(১) অপত্যার্থ ষ্ণ পরে, সংযোগের পর ইন্ ভাগান্ত নকারের লোপ হয় না। কিন্তু মন্ ভাগান্ত নকারের লোপ হয়, কেবল বর্ম্মণের হয় না।

চক্রিন্—ষ্য—চাক্রিণ। ভদ্রবর্ম্মন্—ষ্ণ—ভাদ্রবর্ম্মণ। ইত্যাদি হয় না। ব্রহ্মন্—ষ্ণ—ব্রাহ্ম (অত্র নর লোপ)।

—(২) ষ্ণ এবং ষ্ণ্য পরে অন্ ভাগান্ত নকারের লোপ হয় না। (কেবল বিকারার্থ ষ্ণ পরে এবং ভাবার্থ কর্ম্মার্থ ষ্ণ্য পরে লোপ হয়)।

যজ্বন্—ষ্ণ—যাজ্বন। যুবন্—ষ্ণ—যৌবন। রাজন্—ষ্ণ্য—রাজন্য (ক্ষত্রিয় সমূহ) ইত্যাদি হয় না।

হেমন্—ষ্ণ—হৈম (স্বর্ণবিকৃত)। রাজন্—ষ্ণ্য—রাজ্য (রাজার ভাব বা কার্য্য।) ইত্যাদি হইল।

—(৩) ঈন পরে অধ্বন্ এবং আত্মনের নলোপ হয় না।

অধ্বন্—ঈন—অধ্বনীন (পথিক)। আত্মন্—ঈন—আত্মনীন। (আত্মহিতার্থী)।

৯। * বিকারার্থ, সমূহার্থ, ভাবার্থ, সম্বন্ধ স্বার্থ, এবং হিতাদি অর্থে সকল শব্দের উত্তর পূর্ব্বোক্ত ষ্ণি আদি একাদশ প্রত্যয় হয়।

হেমন্—ষ্ণি—হৈমি (হেমবিকৃত)। অগ্নি—ষ্ণেয় আগ্নেয় (অগ্নিবিকৃত) ইত্যাদি।

ভিক্ষা—ষ্ণ্য—ভৈক্ষ্য (ভিক্ষাসমূহ)। সম—ষ্ণ্য—সাম্য (সমতা)। গুরু—ষ্ণ—গৌরব (গুরুত্ব) ইত্যাদি।

তদ্—ঈয়—তদীয় (তাহার)। † মদ—ঈয়—মদীয় (আমার)। এবং ত্বদ্—ত্বদীয়। অস্মদ্—অস্মদীয় যুষ্মদ্—যুষ্মদীয়। ‡ সূর্য্য—সৌরীয়। ইত্যাদি। § কন্যা—ষ্ণ—কন্যকা (কন্যা), চোর—ষ্ণ—চৌর (চোর)

---

* বিকার—রূপান্তর প্রাপ্তি। সমূহ—অনেক। ভাব—প্রকৃত ধর্ম্ম। সম্বন্ধ—ইহার উহার ইত্যাদি। স্বার্থ—শব্দেরই অর্থ। হিত—ইষ্টসিদ্ধ ইত্যাদি।

† ষ্ণ এবং ঈন পরে ত্বদ্—তবক। মদ্—মমক। অস্মদ্—অস্মাক। যুষ্মদ্—যুষ্মাক আদেশ হয়। ত্বদ্—ষ্ণ—তাবক। মদ্—মামক। অস্মদ্—ষ্ণ—আস্মাক। যুষ্মদ্—যৌষ্মাক। ত্বদ্—ঈন—তাবকীন। মদ্—মামকীন। এবং অস্মদ্—আস্মাকীন। যুষ্মদ্—যৌষ্মাকীন ইত্যাদি।

‡ তদ্ধিত স্বর পরে ষ্ণ্যর য এবং সূর্য্যাদির যর লোপ হয়। (সূর্য্য, অগস্ত্য, মৎস্য সূর্য্যাদি)। সূর্য্য—ষ্ণ—সৌর। গার্গ্য—ষ্ণ—গার্গ। মৎস্য—ঈয়—মৎসীয় ইত্যাদি।

§ স্বার্থের ক পরে আকার হ্রস্ব হয়। কন্যকা—গঙ্গক ইত্যাদি।

ত্রিলোকী—ষ্ণ্য—ত্রৈলোক্য (ত্রিলোকী) ইত্যাদি।

আত্মন্—ঈন—আত্মনীন (আত্মহিতার্থী)

শিব—ষ্ণ—শৈব (শিব দেবতা যার)।

শক্তি—ষ্ণেয়—শাক্তেয় (শক্তির উপাসক)

বিষ্ণু—ষ্ণ—বৈষ্ণব। সূর্য্য—ষ্ণ—সৌর। গণপতি—ষ্ণ্য

গাণপত্য ইত্যাদি।

১০। হন্, যন্, রাজন্ ভাগান্ত শব্দের ষ্ণ পরে অকারের লোপ হয়।

* বৃত্রহন্—ষ্ণ—বার্ত্রঘ্ন। পূষন্—পৌষ্ণ। ধূর্ত্তরাজন্—ধার্ত্তরাজ্ঞ।

১১। ষ্ণ পরে মাতৃ শব্দের ঋ স্থানে উর হয়।

† দ্বি—মাতৃ—ষ্ণ—দ্বৈমাতুর (দুই মাতার পুত্র)

১২। তদ্ধিতের স্বর এবং যুক্তিন য পরে অব্যয় শব্দের অন্ত্য স্বরাবধি বর্ণের লোপ হয়। আরাৎ ও শশ্বৎ শব্দের হয় না।

পুনঃ পুনর্—ষ্ণিক—পৌনঃ পুনিক।

পুনঃ পুনর্—ষ্ণ্য—পৌনঃ পুন্য।

বহিস্—ষ্ণ্য—বাহ্য। ষ্ণিক—বাহিক।

অহং—যু—অহংযু।

১৩। (১) তদ্ধিত স্বর এবং য পরে বিভক্তির

---

* হন—অনের অকার লোপে (হ্ন) হইলে ঘ্ন হয়।

† ভগবতী এবং হস্তিনী এই দুই গণেশের মাতা।

লোপ হইলে পূর্ব্ব পদের আর পদত্ব থাকে না।

* আরাৎ—ঈয়—আরাতীয়। শশ্বৎ—ষ্ণিক—শাশ্বতিক।

যাবতীয়। তাবতীয়। বাচিক ইত্যাদি।

—(২) তান্ত ও সান্ত শব্দের বিশিষ্টার্থ প্রত্যয় পরেও পদত্ব থাকে না।

বিদ্যুৎ—বৎ—বিদ্যুদ্বান। যশস্—বৎ-যশস্বান ইত্যাদি।

অন্য প্রত্যয় পরে। তেজস্—ময়—তেজোময়।

যশোময়। বাঙ্ময় ইত্যাদি। পদত্ব হইল।

(৩) পদত্ব নিষেধের অনিত্যতা প্রযুক্ত ক্বচিৎ পদত্ব স্বীকারও ব্যবহার আছে।

রাজন্—ক—রাজক। ভবৎ—ঈয়—ভবদীয়। অন্য—অন্যদীয় ইত্যাদি।

১৬। বিশিষ্টার্থে (১) মকারান্ত, অবর্ণান্ত, বর্গের আদ্য চতুষ্টয় বর্ণান্ত এবং উপান্তে মকার কিম্বা অবর্ণযুক্ত শব্দের উত্তর বতু—বৎ হয়। উইৎ।

কিম্—বৎ—কিম্বান্। জ্ঞান—বৎ—জ্ঞানবান্।

বিদ্যা—বৎ—বিদ্যাবান্। বাচ্—বৎ—বাগ্বান্।

স্রজ্—বৎ—স্রগ্বান্। বিদ্যুৎ—বৎ—বিদ্যুদ্বান্।

মরুৎ—বৎ—মরুত্বান্। লক্ষ্মী—বৎ—লক্ষ্মীবান্।

যশস্—বৎ—যশস্বান্। ভাস্—বৎ—ভাস্বান্ ইত্যাদি

---

* পদত্বাভাবে অপদান্ত ত স্থানে দ হয় না। এবং চ স্থানে ক। ক স্থানে গ। এবং স স্থানে বিসর্গ হয় না।

—(২) বতু ভিন্ন স্থলে মতু—মৎ হয়। এই মতু পরে কৃস্বর স্বরযুক্ত ম স্থানে উ হয়।

মতি—মৎ—মতিমান্। শ্রী—মৎ—শ্রীমান্।

হনু—মৎ—হনুমান্। চক্ষুস্—মৎ—চক্ষুষ্মান্।

* বিদ্বস্—মৎ—বিদুষ্মান্। দোস্—মৎ—দোষ্মান্।

ধনুস্—মৎ—ধনুষ্মান্। গো—মৎ—গোমান্ ইত্যাদি।

—(৩) স্রজ্, মেধা, মায়া এবং অস্ ভাগান্ত শব্দের পর বিন্ হয়। এবং বিকল্পে বতু—বৎও হয়।

স্রজ্—বিন্—স্রগ্বী, পক্ষে—স্রগ্বান্। মেধা—বিন্—মেধাবী। মায়া—বিন্—মায়াবী। তেজস্—তেজস্বী। যশস্—যশস্বী। ইত্যাদি।

—(৪) দ্বি কিম্বা বহু স্বর বিশিষ্ট অবর্ণান্ত শব্দের অন্তে ইন্ হয়। বিকল্পে বতু—বৎও হয়।

জ্ঞান—ইন্—জ্ঞানী। শিখা—ইন্—শিখী ইত্যাদি।

পক্ষে—জ্ঞানবান্। শিখাবান্ ইত্যাদি।

১৫। (১) কতকগুলি ভিন্ন২ শব্দের উত্তর ভিন্ন২ প্রত্যয়ের ব্যবহার আছে। তাহাদের অনেকের অর্থও ভিন্ন২ হয়। তাহার বিশেষ পরিচয় নিম্ন উদাহরণে নির্দ্দিষ্ট হইবে।

গো—মিন্—গোমী—(গোমান্)। স্ব—মিন্—স্বামী (প্রভু)†। তৃণ—স—তৃণস (তৃণযুক্ত)। মেধা—ইর—মেধির

---

* পদত্ব নিষেধে অপদান্ত স ষত্ব হইল।

† সংজ্ঞার্থে স্বর দীর্ঘ হয়।

(মেধাবী)। রথ—ইর—রথির (রথী)। দন্ত—উর—দন্তুর (অগ্রদন্তযুক্ত)। কাণ্ড—ঈর—কাণ্ডীর (ধনুর্যুক্ত)। দ্রু—ম—দ্রুম(বৃক্ষ)। বাত—উল—বাতুল—(বায়ুগ্রস্ত)। বলি—ইত—বলিত(ত্রিবলিযুক্ত)। পর্ব্ব—ত—পর্ব্বত, গিরি। মরুৎ—ত—মরুত্ত,বাত্তিক। চূড়া—ল—চূড়াল, চূড়াযুক্ত।

মাংস—ল—মাংসল, মাংস বিশিষ্ট।

ফেণা—ইল—ফেণিল, ফেণাযুক্ত।

পিচ্ছা—ইল—পিচ্ছিল, পিচ্ছলা।

রোমন্—শ—রোমশ, রোমযুক্ত।

লোমন্—শ—লোমশ, অধিক লোমযুক্ত।

অঙ্গ—ন—অঙ্গনা, প্রশস্তাঙ্গী, স্ত্রী।

প্রজ্ঞা—ণ (অ)—প্রাজ্ঞ, প্রজ্ঞাবান্।

শ্রদ্ধা—ণ (অ)—শ্রাদ্ধ, শ্রদ্ধাবান্ বা পিণ্ডদান।

মধু—র—মধুর, মিষ্ট।

কুঞ্জ—র—কুঞ্জর, হস্তী (কুঞ্জ—হাত)

কেশ—ব—কেশব, কেশযুক্ত এবং বিষ্ণু।

মান—ব—মানব, মানী—মনুষ্য।

কৃষি—বল—কৃষীবল, কৃষক।

রজস্—বল—রজস্বলা, আর্ত্তব যুক্তা স্ত্রী।

ফল—ইন—ফলিন, ফলবান্।

বর্হ—ইন—বর্হিণ, ময়ূর। বর্হ—পুচ্ছ।

*ঊর্ণা—যু—ঊর্ণাযু, মেষকম্বল। ঊর্ণা—মেষলোম।

---

* যুপরে অবর্ণ ইবর্ণের লোপ হয় না।

অহং—যু—অহংযু, অহঙ্কারবান্।

শুভ—যু—শুভংযু, শুভযুক্ত।

শৃঙ্গ—আরক—শৃঙ্গারক—শৃঙ্গী।

বৃন্দ—আরক—বৃন্দারক, দেবতা।

নিদ্রা—আলু—নিদ্রালু, নিদ্রাবেশ যুক্ত।

এবং কৃপালু, দয়ালু, তন্দ্রালু, শ্রদ্ধালু ইত্যাদি।

অর্শস্—অ—অর্শস, অর্শোরোগী।

বাত—কিন্—বাতকী, বাতরোগী।

অতিসার—কিন্—অতিসারকী, অতিসারী।

বাচ্—মিন্—বাগ্মী—সদ্বক্তা।

বাচ্—আট—বাচাট } অধিক ভাষী।
বাচ্—আল—বাচাল }

জন—তা-জনতা-জনসমূহ। বন্ধু-তা—বন্ধুতা, বন্ধুসমূহ।

বাত—উল—বাতুল, বাতসমূহ।

—(২) স্বার্থাদি অর্থে ধেয়াদি প্রত্যয় হয়।

ভাগ—ধেয়—ভাগধেয়—ভাগ। (স্বার্থ)

নাম—ধেয়—নামধেয়—নাম।

দেব—তা—দেবতা—দেব। মৃৎ—তিক—মৃত্তিকা-মৃৎ।

উভ—অয়—উভয়—দুই। বর—এন্য—বরেণ্য—শ্রেষ্ঠ।

দ্রব—য—দ্রব্য—বস্তু। জঘন—য—জঘন্য—নীচ।

মুখ—য—মুখ্য—প্রধান।

কুশাগ্র—ঈয়—কুশাগ্রীয় (কুশাগ্র তুল্য সূক্ষ্ম)।

কাকতাল—ঈয়—কাকতালীয় (কাকতরে পতিত তাল ও আকস্মিক)। পিতৃ—ব্য—পিতৃব্য—পিতৃ কনিষ্ঠ।

মাতৃ—(ডুল) উল—মাতুল—মাতৃ ভ্রাতা।

গো—ময়—গোময়, গোবিষ্ঠা।

ভ্রাতৃ—ব্য—ভ্রাতৃব্য, ভ্রাতৃ পুত্র।

স্বস্—ঈয়—স্বস্ত্রীয়, ভগিনী পুত্র।

কুল—ঈন—কুলীন, কুলজাত।

* কন্যা—ষ্ণ—কানীন, অবিবাহিতার পুত্র।

কর্ম্ম—ুক (উক)—কার্ম্মুক, ধনুঃ।

পুরা—ণ—পুরাণ, প্রাচীন, ইতিহাস।

পশ্চাৎ—ডিম (ইম)—পশ্চিম, পশ্চাৎজাত।

অগ্র—ইম—অগ্রিম, অগ্রজাত।

অন্ত—ইম—অন্তিম, অন্তেজাত।

কর্ম্ম—ঠ—কর্ম্মঠ, কর্ম্ম কুশল বা দক্ষ।

কাংদিশ—ঈক—কান্দিশীক, ভয়ে পলায়িত

মনু—য—মনুষ্য, মনুর পুত্র।

মনু—সণ্ (স)—মানুষ, মনুর বংশজাত।

মনু—ষ্ণ—মানব, ঐ

অধি—ত্যক—অধিত্যকা, উপরি ভূমি।

উপ—ত্যক—উপত্যকা, অধো বা আসন্ন ভূমি

অধি—ঈন—অধীন, নিম্ন বা নীচ।

অধি—ক—অধিক, অতিরিক্ত।

* কন্যাস্থানে কনীন আদেশ হয়।

* হিরণ্য—ময়—হিরণ্ময়, স্বর্ণময়।

† উদক—বৎ—উদন্বান, সমুদ্র।

‡ রাজন্—বৎ—রাজন্বান, সৌরাজ্য।

§ ইক্ষ্বাকু—ষ্ণ—ঐক্ষ্বাক, ইক্ষ্বাকু সন্তান।

পাণ্ডু—ষ্ণ্য—পাণ্ড্য, পাণ্ডু দেশোদ্ভব।

‖ অধম্—ম—অধম, নীচ।

অর্ণস্—ব—অর্ণব, সমুদ্র। অর্ণস্ (জল)

¶ কুমুদ—বৎ—কুমুদ্বতী, কুমুদিনী।

বেতস্—বৎ—বেতস্বতী, বেতযুক্ত নদী।

¶ শাদ—বল—শাদ্বল, সবুজ ঘাস।

কেকয়—ষ্ণ—কৈকয়ী-কৈকেয়ী, কেকয় রাজকন্যা

বন—ষ্য—বন্যা, জল সমূহ।

বাত—ষ্য—বাত্যা, বায়ু সমূহ।

রথ—ষ্য—রথ্যা, পথ।

সমগ্র—ষ্ণ—সামগ্রী, দ্রব্য সমূহ।

---

* হিরণ্য স্থানে হিরণ্ হয়। † উদক—উদন্ হয়।

‡ পদত্ব অস্বীকারে নলোপ হইল না।

§ ষ্ণ, ষ্য পরে উকার লোপ।

‖ ম, ব পরে স লোপ।

¶ বপরে অকার লোপ। যবাদির পর বত্ব হয় না, ম হয়। যব—মৎ—যবমান্। ককুদ্—মৎ—ককুদ্মান্। গরু—গরুত্মান্। হরিৎ—হরিন্মান্ ইত্যাদি।

পথিন্—ক—পথিক, পথ ভ্রমী।

অঙ্গ—ক—অঙ্গিকা, অঙ্গরক্ষিকা (কাঁচা)।

অঙ্গ—উল—অঙ্গুল, উলি—অঙ্গুলি।

* স্তেন—ষ্য—স্তেয়, চৌর্য্য।

(৩) ফলার্থে আম্রাদির এবং পুষ্পার্থে জাত্যা- দি প্রত্যয় লোপ হয়।

আম্র—ষ্য—আম্র, আম্রফল। জম্বু—জম্বুফল ইত্যাদি। পনস, নারিকেল। মাষ, মুদ্গ, তিল, যব। হরীতকী, আমলকী ইত্যাদি শব্দ সকল বৃক্ষ ফল উভয়কেই বুঝায়।

জাতী—ষ্ণ—জাতী, জাতীপুষ্প ইত্যাদি। এবং মল্লিকা, মালতী, যূথী প্রভৃতি শব্দ সকল বৃক্ষ ও পুষ্প দুইকেই বুঝায়। কেবল পাটলা বিকল্পে পাটলী হয়।

১৬। গুণবাচক শব্দের পর ভাবার্থে ইমন্ হয় এবং দ্বি বা বহুর মধ্যে একের উৎকর্ষে ইষ্ঠ বা ঈয়সু—ঈয়স্ হয় (উইৎ)।

প্র—ইমন্—প্রেমন্ (প্রেম)। শ্র—ইষ্ঠ—শ্রেষ্ঠ-ইত্যাদি।

১৭। ইমন্, ইষ্ঠ, ঈয়স্ প্রত্যয় পরে বহুস্বর শব্দের অন্ত্যস্বরাদির লোপ হয় এবং মৎ, বৎ, বিন্, ও তৃন প্রত্যয়েরও লোপ হয়।

লঘু—ইমন্—লঘিমন্(পুং)লঘিমা, লঘুর ভাব (লঘুত্ব)।

ই ইমন্ প্রত্যয়ান্ত পদ সংজ্ঞা হয়

নিপাতনে নকারের লোপ।

পৃথু—ইষ্ঠ—প্রথিষ্ঠ। ইমন্—প্রথিমা। ঈয়স্—প্রথীয়স্। মৃদু—ম্রদিষ্ঠ, ম্রদিমা, ম্রদীয়স্। ইত্যাদি।

—(৩) যুবন্ এবং অল্প শব্দ স্থানে বিকল্পে কন হয়।

যুবন্—ইষ্ঠ—কনিষ্ঠ এবং যবিষ্ঠ। অল্প—কনিষ্ঠ এবং অল্পিষ্ঠ।

—(৪) নিপাতনে বহু—ইষ্ঠ—ভূয়িষ্ঠ। ঈয়স্—ভূয়স্। ইমন্—ভূমন্, আদেশ হয়।

১৯। স্বরূপার্থে শব্দের পর ময়ট্—ময় হয়।

বিষ্ণু—ময়ট্—বিষ্ণুময় (বিষ্ণু স্বরূপ)। বাচ্—বাঙ্ময় (বাক্য স্বরূপ)*। মৃৎ—মৃন্ময় (মৃত্তিকাস্বরূপ) ইত্যাদি।

২০। (১) ভাবার্থে শব্দের উত্তর ত্ব এবং তা হয়।

সাধু—ত্ব—সাধুত্ব। তা—সাধুতা। ভদ্র—ভদ্রত্ব, ভদ্রতা। দেব—দেবত্ব। মনুষ্য—মনুষ্যত্ব ইত্যাদি। যে ধর্ম্ম দ্বারা ইনি সাধু—এমত প্রতীতি জন্মে, সেই অসাধারণ ধর্ম্মই সাধুর ভাব বা সাধুত্ব ইত্যাদি।

—(২) ত্ব এবং তা প্রত্যয় পরে উক্ত পুংস্ক (বিশেষণ ভূত) স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় (পুংলিঙ্গের মত হয়)। সুতরাং স্ত্রী পুং উভয় লিঙ্গ শব্দ ভিন্ন নিত্য স্ত্রীলিঙ্গ শব্দের হইবে না। এবং তর, তম, রূপ, কল্প, দেশ্য, দেশীয়, চরট্, পাশ্, প্রত্যয় পরেও পুংবদ্ভাব হয়।

---

* পদান্ত চ্ স্থানে ক্ হইয়া ঙ্ হয়।

দ্বি—তয়—দ্বিতয়। ত্রি—ত্রিতয়। চতুর্—চতুষ্টয়।
এবং দ্বি—অয়—দ্বয়। ত্রি—ত্রয়। (২—১) সূ)।

২৪। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষে তর, এবং অনেকের মধ্যে একের উৎকর্ষাপকর্ষে তম হয়।

পটু—তর—পটুতর। তম—পটুতম। বিজ্ঞ—বিজ্ঞতর,

২৫। এই তর, তম প্রত্যয় পরে স্ত্রীলিঙ্গ শব্দের দীর্ঘ ঈ, ঊ বিকল্পে হ্রস্ব হয়। এবং উক্তপুংস্ক হইলে পুংবদ্ভাব হয়।

স্ত্রী—তর—স্ত্রিতরা, স্ত্রীতরা। তম—স্ত্রিতমা, স্ত্রীতমা।
বামোরূ—তর—বামোরুতরা, বামোরূতরা ইত্যাদি।
এবং শুভ্রা—তর—শুভ্রতরা। তম—শুভ্রতমা।
সতী—তর—সতিতরা, সতীতরা, সত্তরা। তম—সতিতমা, সতীতমা, সত্তমা। বিদুষী—তম—বিদুষিতমা, বিদুষীতমা, বিদ্বত্তমা * ইত্যাদি ইহারা সব বিশেষণ পদ। ইহার তর প্রত্যয়ান্ত পদকে মধ্য বিশেষণ। এবং তম প্রত্যয়ান্ত পদকে বা তদর্থের অন্যপদকে শ্রেষ্ঠ বিশেষণ কহে।

বহু গণাদির পর তিথট্—তিথ হয়। বহুতিথ, গণতিথ, যাবত্তিথ, তাবত্তিথ। (তকার লোপও হয়)।

* বিদুষী পুংবদ্ভাবে বিদ্বস্ হইলে ত পরে সস্থানে ত হয়। এই তর, তম, বিশেষণের উত্তর হয় কিন্তু গুণ ও ক্রি-

২৬। সর্ব্বনাম শব্দ এবং বহু শব্দের পর অধি-করণের অর্থে ত্র এবং প্রকারার্থে থা হয়।

সর্ব্ব—ত্র—সর্ব্বত্র এবং একত্র, অন্যত্র, বহুত্র ইত্যাদি।
এবং থা—সর্ব্বথা, অন্যথা ইত্যাদি।

২৭। কারকার্থের প্রত্যয় পরে তদাদি সর্ব্ব-নামের অন্ত্যস্বরাদি বর্ণের স্থানে অকার হয়।

তদ্—ত্র—তত্র। যদ্—যত্র। এতদ্—এতত্র। তদ্-থা—তথা। যদ্—যথা ইত্যাদি।

২৮। সর্ব্বনামের পর বিভক্তি স্থানে তস্ হয়।

সর্ব্ব—তস্—সর্ব্বতঃ। উভয়তঃ, স্বতঃ, পরতঃ, পূর্ব্বতঃ, অন্যতঃ। এবং তদ্—ততঃ, যদ্—যতঃ ইত্যাদি।

২৯। সর্ব্বনাম এবং এক শব্দের পর কালার্থে দা হয়।

সর্ব্বদা, একদা, যদ্—যদা, তদ্—তদা ইত্যাদি।

৩০। কুতঃ ক্বাদি পদ সকল নিপাতন সিদ্ধ হয়।

কিম্—তস্—কুতঃ। ত্র—কুত্র, ক্ব। দা—কদা, কুহ, কর্হি। থা—কথং।

ইদম্—তস্—ইতঃ। ত্র—ইহ। দা—ইদানীং। অদ্য। থা—ইথং। তদ্—তদানীং, তর্হি। এতদ্—এতর্হি।

রার উৎকর্ষে জাতি ও দ্রব্যের উৎকৃষ্টতা সম্ভবপ্রযুক্ত জাতি বাচক ও দ্রব্যবাচক পদের উত্তরও ইহাদের ব্যবহার আছে যথা। গোতর। গোতম। এবং মৃত্তরা। মৃত্তমা ইত্যাদি।

অদস্—অতঃ। অত্র। সর্ব্ব—সদা। সমান—সদ্যঃ।

পর—পরেদ্যুঃ। পরস্তাৎ। পরে।

ঊর্দ্ধ—উপরি, উপরিষ্টাৎ। পুরস্—পুরস্তাৎ, পুরঃ।

অধস্—অধস্তাৎ, অধঃ। পূর্ব্ব—পূর্ব্বেদ্যুঃ। পরুৎ।

অন্য—অন্যেদ্যুঃ ইত্যাদি।

৩১। ঈষদূন অর্থে কল্প, দেশ্য, দেশীয়, প্রত্যয় হয়।

বিদ্বস্—বিদ্বৎকল্প, বিদ্বদ্দেশ্য, বিদ্বদ্দেশীয় (ঈষদূন বিদ্বান্)। বিদুষী—বিদ্বৎকল্পা, বিদ্বদ্দেশ্যা, বিদ্বদ্দেশীয়া (ঈষদূনা বিদুষী) ইহাতে পুংবদ্ভাব হয়। এবং, সুরূপকল্প সুধাসার্দ্ধকল্প, ইত্যাদি।

৩২। প্রকারার্থে জাতীয় প্রত্যয় হয়।

বিদ্বৎপ্রকার—বিদ্বজ্জাতীয়। বিদুষীপ্রকারা—বিদ্বজ্জাতীয়া ইহাতেও পুংবদ্ভাব হয়। প্রকার (সাদৃশ্য)

৩৩। পরিমাণার্থে মাত্র হয়।

গজ (পরিমাণ) গজমাত্র। তৎ (পরিমাণ) তন্মাত্র ইত্যাদি

৩৪। সম্পন্নার্থে এবং অধীনার্থে সাৎ হয়। এই সাৎ ষত্ব হয় না।

১। সর্ব্ব নামের পর (ডতি) অতি। (ডবতু) বৎ করিয়া নিপাতনে কতিপয় পদ সিদ্ধ হয়।

কিম্—ডতি—কতি। যদ্—যতি। তদ্—ততি।

কিম্—ডবতু—কিয়ৎ। যদ্—যাবৎ। তদ—তাবৎ

এতদ্—এতাবৎ। ইদম্—ইয়ৎ।

২। কিম্ শব্দ জাত পদের পর চিৎ—চন হয়।

কিম্—চিৎ—কিঞ্চিৎ, কুতশ্চিৎ, কুত্রাচিৎ, কচিৎ, কদাচিৎ। চন—কিঞ্চন, কদাচন, কথঞ্চন, ইত্যাদি অব্যয়।

জল—সাৎ—জলসাৎ (জল সম্পন্ন করা)।

রাজন্—সাৎ—রাজসাৎ (রাজার অধীন করা)।

ভূমিসাৎ। অগ্নিসাৎ। ভস্মসাৎ ইত্যাদি।

৩৫। জাত অর্থে অকার স্থানে ইত হয়।

ফল—ইত—ফলিত। (ফলজাত)। পুষ্প—পুষ্পিত, পল্লবিত, অঙ্কুরিত, সুখিত, দুঃখিত, অন্তরিত ইত্যাদি।

৩৬। ভবাদ্যর্থে (১) তন্ত্রাদি পদের পর ত্য হয়।

তন্ত্র—ত্য—তন্ত্রত্য। অত্রত্য। যত্রত্য। ইত্যাদি।

। অল্পার্থ এবং বহ্বর্থ কারক পদের পর দ্বিত্বার্থে শস্ হয়। বহু বহু—বহুশস্—বহুশঃ। (ক্রমে২) ক্রমশঃ। স্তোকে২—স্তোকশঃ। অল্পে২—অল্পশঃ ইত্যাদি।

। দ্বি, ত্রি, চতুর্ শব্দের পর বারার্থে স্ হয়। দ্বিবার—দ্বিঃ। ত্রিবার—ত্রিঃ। চতুর্বার—চতুঃ।

। সাদৃশ্যার্থে বৎ হয়। পূর্ব্বের সমান বা ন্যায়—পূর্ব্ববৎ। আত্মবৎ, তদ্বৎ, জ্যেষ্ঠবৎ, পিতৃবৎ ইত্যাদি।

। কৃ ধাতুর পদ পরে শব্দের অন্তে বিকল্পে ডাচ্—আ হয়। দুঃখ—ডাচ—কর—দুঃখাকর, দুঃখকর। সুখ—সুখাকর, সুখকর। প্রিয়—প্রিয়াকর ইত্যাদি।

। কৃ বা ভূ ধাতুর পদ প্রয়োগে শব্দের অন্তে চ্বী—ঈ যোগ হয়। দুঃখ—চ্বী(ঈ)—করণ—দুঃখীকরণ। সুখ—সুখীকরণ। বশীকরণ, দূরীকরণ। বশীকৃত, দূরীকৃত, বশীভূত, দূরীভূত, দূরীভাব, ইত্যাদি।

এই প্রকার (হওন) ভাব ধাতু যোগেও ঈকার যোগ। যথা। সুখীহওন, দুঃখীহওন, নিষ্পাপী হওন।

—(২) অদ্যাদির পর টন—তন হয়।

অদ্য—তন—অদ্যতন (অদ্যজাত)। হ্যঃ—হ্যস্তন (গতদিনজাত) সদাতন, সনাতন। অনদ্যতন ইত্যাদি।

—(৩) চিরাদির পর ত্ন হয়।

চির—ত্ন—চিরত্ন (চিরকালজাত)। পরুৎ—পরুত্ন (পূর্ব্ববর্ষজাত) ইত্যাদি।

—(৪) দক্ষিণাদির উত্তর ত্যণ্—ত্য হয়।

* দক্ষিণা—ত্যণ্—দাক্ষিণাত্য (দক্ষিণেজাত)।
† পশ্চাৎ—ত্য—পাশ্চাত্য (পশ্চিমেজাত) ইত্যাদি

—(৫) আদ্যাদির পর ম হয়।

আদি—ম—আদিম। মধ্য—মধ্যম। চর—চরম। উৎ—উত্তম। ইত্যাদি। ইহার অতিরিক্ত যে সকল তদ্ধিত প্রত্যয় আছে, ভাষায় তাহার বড় প্রয়োজন হয় না।

তদ্ধিত প্রত্যয় বিবরণ সমাপ্ত।

* দক্ষিণ এবং উত্তর শব্দের পর আ হইয়া দক্ষিণা উত্তরা হয়।

† ত্য পরে শকার লোপ হয়।

১। অব্যয়ের পর তরাং হয়। সুতরাং। কিন্তুরাং। উত্তরাং। ক্রিয়া বিশেষণে তর হয়। উচ্চৈস্তর বৃক্ষ, [illegible]

২। স্বপকর্ষার্থে উচ্চাদির পর (ষ্টর) তর হয় (ষ্টর (তর) উচ্চতরী। অশ্ব—তর—অশ্বতরী। ইত্যাদি।

৩। [illegible] উত্তর [illegible]

[illegible] যোগে [illegible] বেদাদিগ [illegible]